www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765




বর্ষ ৩৯ সংখ্যা ৮ কলকাতা শুক্রবার, ২১ সেপ্টেম্বর ২০১৮/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৪ আশ্বিন ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# ১১ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭২৭৫ ক্লার্ক

দেশের ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭,২৭৫ জন ক্লার্ক নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রোসেস ফর রিক্রুটমেন্ট অব ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস (সি আর পি ক্লার্কস-VIII)' নেওয়া হবে ডিসেম্বর-জানুয়ারিতে। প্রিলিমিনারি পরীক্ষা হবে ৮, ৯, ১৫ ও ১৬ ডিসেম্বর এবং মেন পরীক্ষা হবে ২০ জানুয়ারি। অনলাইন এই পরীক্ষাটি পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। এটি একটি স্বশাসিত সংস্থা। বর্তমানে দেশের অধিকাংশ ব্যাঙ্কে কর্মী

## আই বি পি এস প্রিলিমিনারি পরীক্ষা ডিসেম্বরে

নিয়োগের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন প্রক্রিয়া পরিচালনা করে আই বি পি এস।

দেশের সবক'টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। সংশ্লিষ্ট ১১টি ব্যাঙ্কের যে-কোনওটিতে যোগ দিতে চাইলে আগে এই পরীক্ষায় সফল হতে হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস। ইস্যুর দিন থেকে ১ বছর এই স্কোর কার্ড বৈধ থাকবে।

মনে রাখবেন, ক্ল্যারিক্যাল ক্যাডারের এই লিখিত পরীক্ষাটি যে রাজ্য থেকে দেবেন, পরবর্তীকালে ব্যাঙ্কে সেই রাজ্যের নির্দিষ্ট শূন্যপদে চাকরির জন্যই বিবেচিত হবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট রাজ্যের সরকারি ভাষা লিখতে, পড়তে ও বলতে জানা চাই। তাই এখানে পশ্চিমবঙ্গের ৪১০টি এবং ত্রিপুরার ১৮টি শূন্যপদ-সহ হিন্দিভাষী রাজ্যগুলি নিয়ে মোট ২,৭৫৪টি শূন্যপদের পূর্ণাঙ্গ বিন্যাস দেওয়া হল।

সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলি তাদের প্রয়োজন

*এরপর চোদ্দোর পাতায়*

রাজ্যের সরকারি হাসপাতালে

# ৭৬১৫ স্টাফ নার্স

৭,৬১৫ জন স্টাফ নার্স, গ্রেড-টু নেবে পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমাধারী পুরুষ প্রার্থীরাও আবেদনের যোগ্য। প্রাথমিকভাবে অস্থায়ী নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: R/SN/53(1)/2018.

উল্লেখ্য, কর্মক্ষেত্র-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় 'রাজ্য স্বাস্থ্য দপ্তরে ৭৬১৫ স্টাফ নার্স' শিরোনামে এই নিয়োগের আগাম খবর জানানো হয়েছিল। এখন দরখাস্ত করা যাচ্ছে। এবার খুঁটিনাটি তথ্য-সহ বিশদ সংবাদ।

**শিক্ষাগত যোগ্যতা অনুসারে শূন্যপদের বিন্যাস: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা:** মোট শূন্যপদ ৪,৫২৯টি (সাধারণ ২৩৫৫, তফসিলি জাতি ৯৯৬, তফসিলি উপজাতি ২৭২, ও বি সি-এ ৪৫৩, ও বি সি-বি ৩১৭, দৈহিক প্রতিবন্ধী ১৩৬)। এর মধ্যে ২৩৫টি অসংরক্ষিত, ১০০টি তফসিলি জাতি, ২৭টি তফসিলি উপজাতি, ৪৫টি ও বি সি-এ, ৩২টি ও বি সি-বি এবং ১৪টি দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদ পুরুষ প্রার্থীদের জন্য নির্ধারিত।

**বেসিক বি এসসি নার্সিং:** মোট শূন্যপদ ২,২৯১টি (সাধারণ ১,১৯৫, তফসিলি জাতি ৫০৬, তফসিলি উপজাতি ১৩৮, ও বি সি-এ ২৩০, ও বি সি-বি ১৬১, দৈহিক প্রতিবন্ধী ৬৯)।

**পোস্ট বেসিক বি এসসি নার্সিং:** মোট শূন্যপদ ১৩৮টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ৮, ও বি সি-এ ১৪, ও বি সি-বি ১০, দৈহিক প্রতিবন্ধী ৪)।

এ ছাড়া আগে তৈরি হওয়া ৬৪৯টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া একই সঙ্গে শুরু হয়েছে। তার মধ্যে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি যোগ্যতায় ৪৭১টি, বেসিক বি এসসি (নার্সিং) যোগ্যতায় ৮২টি এবং পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) যোগ্যতায় ৯৬টি শূন্যপদ রয়েছে। এক্ষেত্রে সবক'টি শূন্যপদেই সাধারণ প্রার্থীরা আবেদনের যোগ্য। এই শূন্যপদগুলিতে আলাদা করে আবেদন করার প্রয়োজন নেই।

*এরপর পনেরোর পাতায়*

# বিহার স্টেট পাওয়ার হোল্ডিং কোম্পানিতে ৬৭৬

## অ্যাসিস্ট্যান্ট অপারেটর, লাইনম্যান ও টেকনিশিয়ান

অ্যাসিস্ট্যান্ট অপারেটর, সুইচ বোর্ড অপারেটর-টু, জুনিয়র লাইনম্যান এবং টেকনিশিয়ান গ্রেড-ফোর পদে ২,০৫০ জন কর্মী নেবে বিহার স্টেট পাওয়ার (হোল্ডিং) কোম্পানি। নিয়োগ করা হবে আই টি আইয়ের ইলেক্ট্রিশিয়ান ট্রেডে, বিহারের বিভিন্ন বিদ্যুৎ সরবরাহকারী সংস্থায়। প্রবেশন ২ বছরের। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদের জন্যই আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ৬৭৬টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 08/2018.

**শূন্যপদের বিবরণ:** সুইচ বোর্ড অপারেটর-টু: ৩৩০টি। জুনিয়র লাইনম্যান: ১৬৫টি। অ্যাসিস্ট্যান্ট অপারেটর: ৯৯টি। টেকনিশিয়ান গ্রেড-ফোর: ৮২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং বা স্টেট কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

*এরপর পনেরোর পাতায়*

# নয়াদিল্লি ই এস আইয়ে ৫৩৯

৫৩৯ জন সোশ্যাল সিকিউরিটি অফিসার/ম্যানেজার গ্রেড-টু/সুপারিন্টেন্ডেন্ট নেবে নয়াদিল্লির এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন (ই এস আই সি)। যেসব প্রার্থী ১৬-১-২০১৪ তারিখে নয়াদিল্লি ই এস আই কর্তৃক প্রকাশিত ২৬৭ জন সোশ্যাল সিকিউরিটি অফিসার/ম্যানেজার গ্রেড-টু/সুপারিন্টেন্ডেন্ট পদে নিয়োগের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে দরখাস্ত করেছিলেন, তাঁদের পুনরায় দরখাস্ত করতে হবে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৯৪, তফসিলি জাতি ৮২, তফসিলি উপজাতি ২২, ও বি সি ১৪১)। এর মধ্যে ১৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। কমার্স বা আইন বা ম্যানেজমেন্টের স্নাতকরা অগ্রাধিকার পাবেন। সঙ্গে কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। কোনও সরকারি প্রতিষ্ঠান বা কর্পোরেশন বা সরকারি আন্ডারটেকিং সংস্থা বা স্থানীয় প্রশাসন বা বিধিবদ্ধ ব্যাঙ্কে সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ৫-১০-২০১৮ তারিখে ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**শুরুতে বেতন:** ৪৪,৯০০ টাকা।

*এরপর তেরোর পাতায়*

# পাওয়ার গ্রিডে এক্সিকিউটিভ ট্রেনি

## গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

বেশ কিছু এক্সিকিউটিভ ট্রেনি নেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ও সিভিল শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। প্রথমে এক বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর CC/07/2018.

**শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল- (পাওয়ার) বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার সিস্টেমস ইঞ্জিনিয়ারিং বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল)-এ বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট 'ই ই' (ইলেক্ট্রিক্যাল) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন বা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি

*এরপর পনেরোর পাতায়*

# বি এস এন এলে ১৯৮

## গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখায় ১৯৮ জন জুনিয়র টেলিকম অফিসার নেবে ভারত সঞ্চার নিগম (বি এস এন এল)। এটি তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য একটি বিশেষ নিয়োগ অভিযান। প্রার্থীকে অবশ্যই গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 12-1/2018-Rectt.

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক বা সমতুল ডিগ্রি। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায়

*এরপর তেরোর পাতায়*

# সি এস আই আর নেট পরীক্ষা ১৬ ডিসেম্বর

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা 'নেট' নিচ্ছে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ এবং ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন, যৌথভাবে। পরীক্ষাটি জাতীয় স্তরের। পরীক্ষার তারিখ: ১৬ ডিসেম্বর (রবিবার)। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

পরীক্ষা নেওয়া হবে এইসব বিষয়ে: (১) কেমিক্যাল সায়েন্সেস, (২) আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্সেস, (৩) লাইফ সায়েন্সেস, (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, (৫) ফিজিক্যাল সায়েন্সেস।

**শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারীরা এবং বি এস (৪ বছরের) এবং বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয়ক্ষেত্রেই তফসিলি, দৈহিক ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। সবক্ষেত্রেই ব্যাচেলর্স ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯৯১-এর ১৯ সেপ্টেম্বরের আগে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি পেয়ে থাকলে শুধুমাত্র লেকচারশিপের জন্য আবেদনের যোগ্য। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ফল বেরতে দেরি আছে, এই মর্মে নির্দিষ্ট বয়ানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের দেওয়া প্রয়োজনীয় সার্টিফিকেট দরখাস্তের সঙ্গে দিতে হবে।

**বয়স:** জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য ১-৭-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে। তফসিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলারা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন। লেকচারশিপের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

একজন প্রার্থী একইসঙ্গে জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং লেকচারশিপের (এল এস) পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিকভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

**পরীক্ষার ধরনধারণ:** পরীক্ষা হবে ১৬ ডিসেম্বর, রবিবার। মর্নিং সেশন

*এরপর পনেরোর পাতায়*

GNM, B.Sc. Nursing এ ভর্তি চলছে
INC, KSNC অনুমোদিত কলেজ
H.S. Pass মেয়েদের G.N.M, B.Sc Nursing পড়ান ও তাদের ভবিষ্যৎ গড়ে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করুন।
100% Placement
Education Loan-এর সুযোগ আছে
আমাদের প্রতিষ্ঠানের ৫ বছরের ৫০০ ছাত্র-ছাত্রী যারা চাকরি করছে তাদের কিছু ছবি দেওয়া হল।




BDS MISSION
Rekha Apartment, Balia More, Garia Stn. Road, Kol-84
M.: 9474753825 / 7890022334
GNM / BSC Male
নার্সিং-এ সরাসরি ভর্তি চলছে

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৮ □ ২১ সেপ্টেম্বর ২০১৮

### ই-মেল ঠিকানা

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in


### কর্মখালি

**এয়ারপোর্ট, মেট্রোতে স্থায়ী চাকরি, পশ্চিমবঙ্গে**

গভঃ অনুমোদনপ্রাপ্ত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 48,900/-, বয়স: 18-45, D. L. C., C/D Rd, P-25. M: 87684-73851.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে পার্মানেন্ট জব, R/L No. 2464**

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/- – 49,700/-, বয়স: 18-45. A. L. P, 24A, S. G. S., Kol-14. M: 83738-41043.

□

হাওড়া দাসনগরে নামি ব্র্যান্ডের জন্য FMCG ফুড সেলসম্যান - Upto 15K, ডেলিভারি বয় - 7K + ইনসেন্টিভ, Min. 2Yrs. FMCG অভিজ্ঞতাসম্পন্ন গোডাউন কিপার - 12K চাই। United Enterprises (Wines) Pvt. Ltd. - 98745-93176. 144A, LENIN SARANI, KOLKATA-700 013.

□

**সরাসরি নিয়োগ**

জেলাভিত্তিক ATM গার্ড, টাওয়ার Co, হাসপাতাল, নার্সিংহোম, হোটেল, শপিং মল, শোরুম, ফ্যাক্টরি, কোম্পানি ও ব্যাঙ্কে (D.S.A) কাজের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500/-), M: 91632-85990. M.J.S. 11C, R. B. Rd, Kol-9.

□

**হোটেলে চাকরি**

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

Pan India reputed Institute required Technical Faculty (Electrical / Civil / Mechanical Electronics) for their Branches at Serampore, Durgapur & Siliguri. Qualification: M. Tech (Teaching Experience prefer). Apply to M: 80178-88245. Email: capgalri@gmail.com

□

### কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**VODA/ JIO/D2H**

কাস্টঃ কেয়ারে (10-6 PM) কাস্টমারদের Call রিসিভ করে সঠিক তথ্য দেওয়ার জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে M/F সরাসরি নিয়োগ চলছে। MP-M.A, বয়স: 18-38. SAL: 10,800/- – 55,300/- + PBA + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**Direct Joining**

অফিসিয়াল Executive পদে ন্যূনতম H.S. পাশ (18-30) M/F সরাসরি নিয়োগ। বেতন: 7,780/- – 11,350/- সহ কোম্পানির অন্যান্য সুবিধা। Innovative Technology, P.W.D. Rd, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

Banking/ কাস্টমার কেয়ার/ Back Office-এ Spot নিয়োগ। জেলাভিত্তিক নিয়োগ। MP-MA, বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ। 10,850/- – 22,800/-. PF, ESI, Car, Inc, থাকা ও খাওয়ার সুব্যবস্থা। Nigam Tori, KGP, MDN. কলকাতা / হাওড়া: 98007-80569, মেদিনীপুর / বাঁকুড়া: 84368-61388.

□

**JIO 4G / VODA / SBI**

কাস্টমার কেয়ারে বাংলাভাষী স্মার্ট ছেলেমেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-গ্র্যাজুয়েট, বয়স: 18-35, বেতন: যোগ্যতানুসারে INC + OT+ BONUS-সহ 11,200/- + অন্যান্য সুবিধা। অনভিজ্ঞদের কাজ শিখিয়ে নেওয়ার ব্যবস্থা আছে। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003, বর্ধমান: 98301-88881.

□

**পুজোর আগে কাজের সুযোগ**

জয়েনিং হবে 3-4 দিনের মধ্যে। যোগ্যতা: (৮ম-স্নাতক), বয়স: (১৮-৪৮) www.gcagroup.co.in উঃ ও দঃ বঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে Pvt. BANK, শপিং মল, ATM, শোরুম, Dish TV, MNC-তে অফিসিয়াল বিভিন্ন পদে (11,700/- – 29,200/-), বেতনে PF + বোনাস + ESI-সহ স্থায়ী কাজে M/F চাই। গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। N.D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কল-৭। M: 90916-14590 / 87687-70461.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**Govt Reg. L O-WB. 7562**

**M: 8348032205**

উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T. Rd, Nowa Para, শ্যামনগর।

□

**এয়ারপোর্ট মেট্রোতে চাকরি**

রেজিঃ নং- 2963, বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম - স্নাতক। বেতন: 17,500/- – 48,700/-, সব রকমের সুব্যবস্থা। U. G., কল্যাণী, ITI মোড়, M: 77975-20283.

### কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**পঃ বঙ্গ, উঃ বঙ্গ ছেলেমেয়েদের সুবর্ণ সুযোগ Airport, মেট্রো ও PVT. ব্যাঙ্কে ৭ দিনে স্পট জয়েনিং**

সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাঙ্ক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-, বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। F. G, 183/17 M. G. Rd, শিয়ালদহ। M: 85150-18736.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**ফোন করলেই নিশ্চিত চাকরি। কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়**

Govt. Regd. L/No.-6630, সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-). সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880, Sara Corporate, ইছাপুর, 24 Pgs (N).

□

W.B.-এর প্রতিটি জেলায় Telecom, শপিং মল, Pvt. Bank, কোল্ড স্টোরেজ, Dish TV ও MNC-তে (৮ম-বি.এ) অফিসিয়াল কাজে স্থায়ীভাবে বিনা ডোনেশনে M/F চাই। GCA, M. G. Road, Kol-7. M:87687-62505.

□

**Pvt ব্যাঙ্কে চাকরি**

**Govt. Reg.-L/No- 627152**

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী Job. যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: ১২,০০০/- - ৩৬,৮০০/-, PF, ESI, বোনাস, থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। R.P., Pakar More, রানাঘাট, নদিয়া। Pin: 741 201. Helpline: 95937-76698.

□

**এয়ারপোর্ট ও মেট্রো-তে গভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী জব।**

**RL No-13794**

কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি-সহকারে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,500/- – 48,900/-. বয়স: 18-45, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। D. L. C., B. C 116/38 New Garia St. Rd. M: 87688-22677.

□

Vodafone/Airtel 4G/Jio কাস্টঃ কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,400/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 98301-20692.

□


### DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.


### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

### কর্মখালি

**SBI/ATM CARD/PAN CARD Govt.** প্রসেসে অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী (18-34), M/F Urgent চাই। বেতন: 10,637/- – 35,550/- (INC + OT + TA)। W2C, Kol-56. দমদম / বেলঘরিয়া: 83348-59516, গড়িয়া / বারুইপুর: 90629-77779, ব্যারাকপুর / কল্যাণী: 91632-90343.

### স্কুল-কলেজ শিক্ষা

**নার্সিং প্যারামেডিকেল কোর্স**

G.N.M (3 yrs.) /B.Sc. (4 yrs.) নার্সিং ও B.S.S (Govt. of India) স্বীকৃত প্যারামেডিকেল কোর্স:- প্যাথোলজি; ফিজিওথেরাপি; E.C.G; X-Ray, Scan; M.R.I; O.T; Dialysis; CSSD; D.Optm (Eye); হোমিও (D.H.M.S); আয়ুর্বেদ (D.A.M.S); ডেন্টাল টেক; Critical Care (I.C.U.); Part/Full time কোর্সে ভর্তি চলছে। যোগ্যতা: M.P/H.S. Central Institute of Medical Science & Technology; হেড অফিস:- 22, রাধানাথ মল্লিক লেন, কোল-12. কলেজ স্ট্রিট, C.U.-র কাছে, ক্যাম্পাস:- 126B, রাজা রামমোহন সরণি, কোল-9, M. G. Rd.-আমহার্স্ট স্ট্রিট ক্রশিং। শিয়ালদা পুরবীর কাছে। 93310-62421.

□

**নার্সিং ট্রেনিং**

ভর্তি চলছে। ANM Nursing Training (2 Yrs). Affiliated by BSS, NCVT (Govt. of India) & NSDC (Govt. of India), Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285, Job (Asst), Installment, Internship, Hostel-এর সুবিধা আছে।

□

### স্কুল-কলেজ শিক্ষা

কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-76083.

□

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**টিচার্স ট্রেনিং, বালিগঞ্জ**

মহিলাদের প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 Year) ভর্তি চলছে। Easy Installment ও চাকরির সহায়তা। Approved by BSS & NCVT Govt. of India. রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 98043-21839, 98317-89536.

□

**নার্সিং ট্রেনিং**

ANM Nursing (2 Years) Installment-এর সুবিধা আছে। Approved by SCTVT/BSS/NSDC Govt. of India. Placement. রবীন্দ্র পাঠ ভবন। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 83350-66916.

□

**WB নার্সিং মেরিট লিস্টে নাম ওঠেনি? চিন্তা নেই।**

B.Sc ও GNM-এ সরাসরি ভর্তির জন্য যোগাযোগ করুন। Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-১৪৪। 98303-88027 / 85849-23750.


## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in



## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির **দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা। পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের **ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে। তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর **বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই। দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর **বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-ই পথ দেখাবে। ২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর **চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশে ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী। ১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০ ২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০ ৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই **তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই **বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই **চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের **কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের **বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত **গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘন্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিডেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448



**কর্মক্ষেত্র**

কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# ডাই সাবলিমেশন মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনটির সাহায্যে টি-শার্ট, কাপ, প্লেট, টুপি, কুশন কভার, টাইলস, চাবির রিং প্রভৃতিতে বিভিন্ন ডিজাইন বা ছবি প্রিন্ট করা সম্ভব।

**কীভাবে করবেন:** যে ডিজাইন বা ছবি প্রিন্ট করতে চান অর্ডার অনুযায়ী সেই স্টিকার প্রথমে সংশ্লিষ্ট জিনিসের ওপর রেখে মেশিনের নির্দিষ্ট জায়গায় দিয়ে দিতে হবে। রাজাবাজার অঞ্চলে পছন্দমতো ডিজাইন বা ছবির স্টিকার কিনতে পাওয়া যায়। এবার মেশিন চালু করলে কয়েক সেকেন্ডের মধ্যে সেই স্টিকার জিনিসটির ওপর প্রিন্ট হয়ে বেরিয়ে আসবে। সবশেষে স্টিকারটিকে টেনে তুলে ফেলতে হবে। মেশিনটি চালাতে ½ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরসমেত এই মেশিনটির দাম পড়বে ৮৫,০০০ টাকা। আরেকটি ছোট মেশিন আছে, তার দাম পড়বে ৪০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *পশ্চিমবঙ্গ থেকে কি ফুল রপ্তানি হয়? রপ্তানিকারকদের নাম-ঠিকানা, ফোন নম্বর পাওয়া সম্ভব কি? — তমোনাশ দে, বাগনান, হাওড়া।*

□□ পরিমাণে প্রচুর না হলেও বাংলা থেকে ফুল রপ্তানি হয়ে থাকে। আপনি এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির (অ্যাপেডা) এই ওয়েবসাইটটি দেখুন: www.apeda.gov.in ওয়েবসাইটের 'এক্সপোর্টার্স' অংশটিতে ক্লিক করলে 'এক্সপোর্টার্স ডিরেক্টরি' পাবেন। এখানে 'সিলেক্ট প্রোডাক্টস'-এর বক্সে ক্লিক করলে যে বক্সটি পাবেন, তার প্রথমেই পাবেন ফ্লোরিকালচার। ফ্লোরিকালচারে ক্লিক করার পর 'সার্চ' বক্সে ক্লিক করলে বিভিন্ন রাজ্যের ফুল রপ্তানিকারকদের তালিকা পাওয়া যাবে। পাবেন পশ্চিমবঙ্গের রপ্তানিকারক সংস্থাগুলির নাম, ই-মেল অ্যাড্রেস ও ফোন নম্বর।

□ *বিভিন্ন শুকনো ভেষজ দ্রব্য গুঁড়ো করার স্বয়ংক্রিয় মেশিন কোথায় পাওয়া যেতে পারে? —মনোজ বন্দ্যোপাধ্যায়, শেওড়াফুলি, হুগলি।*

□□ আপনি এই ওয়েবসাইটগুলি দেখুন: www.processmachines.com/herbal-processing-machinery, www.indiamart.com/ayurvedic-powdering-machines, www.aliexpress.com/herb-powder-machine এই ওয়েবসাইটগুলিতে বিভিন্ন ধরনের মেশিনের ফটো, কার্যকারিতা-সম্পর্কিত তথ্য, সংস্থার ই-মেল, ফোন ইত্যাদি পাবেন।

□ *মাধ্যমিক পাশ। ইলেক্ট্রিকের নানা কাজ করি। এ নিয়ে পড়াশোনা কিছু করিনি। কাজ করতে করতে শিখেছি। কোনও ভালো প্রতিষ্ঠান থেকে জটিল কাজের প্রশিক্ষণ নিতে পারলে বড় কাজের কন্ট্রাক্ট নিতে পারি। এরকম কোনও প্রশিক্ষণের খোঁজ দেবেন। — কিশোর বসাক, বাঁকড়া, হাওড়া।*

□□ হাওড়ার উলুবেড়িয়া কলেজে নিখরচায় ইলেক্ট্রিশিয়ানে প্রশিক্ষণ দিচ্ছে পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম, ইন্ডিয়ান চেম্বার অব কমার্স ও টাটা স্ট্রাইভ সংস্থা। যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ১৫ সপ্তাহের প্রশিক্ষণ শেষে ব্যবসায় আগ্রহীরা পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম থেকে সহায়তাও পাবেন। সাদা কাগজে জীবনপঞ্জি, ফোন নম্বর উল্লেখ করে আবেদন করতে পারেন। আবেদনপত্র জমা দিতে হবে এই ঠিকানায়: চতুর্থ তল, জি ব্লক, উলুবেড়িয়া কলেজ, উলুবেড়িয়া, হাওড়া-৭১১ ৩১৫। ফোন: ৭৯৮০০-৬৬৩৬৩, ৯৪৭৫৮-৫৩৭৫২।

FOOD INSPECTOR
VACANCY-957
3 months Special Course
Rs 2000/- Jayanta Roy
(15 YEARS EXPERIENCE)
WBCS OFFICER, PROFESSORS
Other Courses :
W.B.C.S (Prel+M), CGL, Bank, Rail,
GARIA, SEALDAH
9748032827, 8777217803

**WEST BENGAL STATE WAREHOUSING CORPORATION**

**RECRUITMENT NOTICE**

**WBSWC** is going to engage **53 (Fifty three) nos. Superintendents/ Godown In-charges** for WBSWC managed godowns in different districts of W.B. on purely contractual basis. For detail terms and conditions please visit website : **www.warehousingwb.com** . Addition, alteration, rectification, corrigendum, if any, will be published in the aforesaid website only. **Closing date for submission of application : 04.10.2018.**

Sd/-
**Managing Director, WBSWC**




First time in West Bengal World Class College Campus

Our Courses :

Ph.D Arts/Science
LLB BCI Approved
B.Ed NCTE Recognized
D.Pharm PCI Approved
B.Pharm PCI Approved
D.El.Ed NCTE Recognized
B.Sc Agriculture
M.Sc Microbiology
BA / MA All Regular
M.Sc Physics
B.Com / M.Com All Regular
B.Sc / M.Sc Regular

সমস্ত কোর্স সরকারী স্বীকৃত
আগে আসার ভিত্তিতে সুযোগ
১০০% পাশ নিশ্চিত




যে সকল ছাত্র-ছাত্রী এখনও ভর্তি হননি, তারা আর সময় নষ্ট না করে আজই যোগাযোগ করুন- আমরা দেখাচ্ছি এর সঠিক দিশা...

Session 2018-19
For Admission & Franchise Call
9007700707 / 9903764337

HALDAR ACADEMY
(ISO CERTIFIED INSTITUTE)
সোনারপুর, কোলকাতা-১৫০ (কালীতলার বিপরীতে) Director Mr. S. Haldar

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*কৌতূহল ও জানার ইচ্ছা, একাগ্রতা, কাজের ধারাবাহিকতা, প্রয়োজনে নিজের সমালোচনা— সফল হওয়ার জন্য এগুলো খুব জরুরি।*
*— অ্যালবার্ট আইনস্টাইন*

*✓ আমি কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি এবছর। বর্তমানে বি কম অনার্সের প্রথম বর্ষে পড়ছি। আমার উচ্চতা ১৬৪ সেমি। আমি কি সোলজার ক্লার্ক/স্টোরকিপার পদের র‍্যালিতে অংশগ্রহণ করতে পারব?*

*জয়ন্ত বণিক, বাঁশবেড়িয়া, হুগলি।*

☐ উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ এবং প্রতি বিষয়ে ৫০ শতাংশ করে নম্বর থাকলে তবেই শিক্ষাগত যোগ্যতার নিরিখে সোলজার ক্লার্ক/স্টোরকিপার ক্যাটেগরির র‍্যালিতে অংশগ্রহণ করা যায়। এই ক্যাটেগরির ক্ষেত্রে প্রয়োজনীয় দৈহিক উচ্চতা ১৬২ সেমি। সেইসঙ্গে না-ফুলিয়ে ও ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। ওজন হতে হবে ৫০ কেজি। শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোকের এই শর্তগুলি পূরণ করতে পারলে আপনি অবশ্যই সোলজার ক্লার্ক/স্টোরকিপার ক্যাটেগরির র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন।

উল্লেখ্য, হুগলি, উত্তর ২৪ পরগনা, বাঁকুড়া ও পুরুলিয়া থেকে ক্লার্ক/স্টোরকিপার-সহ সোলজারের বিভিন্ন ক্যাটেগরির র‍্যালি আয়োজিত হবে ১২-১৮ নভেম্বর, বারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় এই র‍্যালি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। র‍্যালিতে অংশগ্রহণের জন্য এখন অনলাইন রেজিস্ট্রেশন ও দরখাস্ত করা যাচ্ছে।

> হুগলি, উত্তর ২৪ পরগনা, বাঁকুড়া ও পুরুলিয়া থেকে ক্লার্ক/স্টোরকিপার-সহ সোলজারের বিভিন্ন ক্যাটেগরির র‍্যালি আয়োজিত হবে ১২-১৮ নভেম্বর, বারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় এই র‍্যালি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। র‍্যালিতে অংশগ্রহণের জন্য এখন অনলাইন রেজিস্ট্রেশন ও দরখাস্ত করা যাচ্ছে।

*✓ টার্নার ট্রেডে আই টি আই করেছি মাধ্যমিকের পরে। আই টি আইয়ে ৬৯ শতাংশ নম্বর আছে। চাকরির জরুরি প্রয়োজন থাকায় ইচ্ছা থাকলেও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে পারছি না। এখনই আবেদন করা যায়, এরকম কোনও চাকরির খোঁজ দিলে উপকৃত হব।*

*সইদুল ইসলাম, ডোমকল, মুর্শিদাবাদ।*

☐ টার্নার ট্রেডে চাকরি আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৬৬৪জন জুনিয়র ট্রেনি নেবে রাষ্ট্রীয় ইস্পাত নিগম। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন ট্রেডে নিয়োগ হবে। আপনি মেকানিক্যাল ট্রেডে আবেদন করতে পারবেন। দৈহিক উচ্চতা ১৫০ সেমি এবং বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ সেমি হলে তবেই আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় 'ইস্পাত নিগমে ৬৬৪ জুনিয়র ট্রেনি' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizagsteel.com

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে টেকনিশিয়ান ও অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও সরকারি আন্ডারটেকিং সংস্থায় চাকরির সুযোগ আছে। নিয়মিত 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন। আরও নানা চাকরির খবর পাবেন।

*✓ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি ২০১৭-য়। কলেজে ভর্তি হইনি। একটি প্রতিষ্ঠানে কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিংয়ের কোর্স করছি। আমার একটা চাকরির খুবই প্রয়োজন। চাকরির খোঁজখবর দিলে উপকৃত হব।*

*সায়ন দত্ত, বাটানগর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ চাকরির জন্য প্রস্তুতি নেওয়ার দরকার রয়েছে। যে-কোনও চাকরির জন্যই লিখিত পরীক্ষায় বসতে হবে। ফলে চাকরি অনুসারে লিখিত পরীক্ষার জন্য পড়াশোনা শুরু করুন।

***এখনই আবেদন করতে পারেন:*** ডাক বিভাগের পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৪২জন মাল্টিটাস্কিং কর্মী নেওয়া হবে। মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাচ্ছে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। বিভিন্ন ডিভিশন ও ইউনিটে নিয়োগ হবে। যে-কোনও একটি ডিভিশন বা ইউনিটের শূন্যপদে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় 'রাজ্য পোস্টাল সার্কেলে ২৪২ মাল্টিটাস্কিং স্টাফ' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ৮ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://cpmgwbrecruit.in/recmtssep18 এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: rectt/R-46/DR/2014

> ডাক বিভাগের পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৪২জন মাল্টিটাস্কিং কর্মী নেওয়া হবে। মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাচ্ছে। তবে বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় 'রাজ্য পোস্টাল সার্কেলে ২৪২ মাল্টিটাস্কিং স্টাফ' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে।

উচ্চমাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে ল্যাবরেটরি অ্যাটেনড্যান্ট ও নেভিগেশনাল অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-টু) নেওয়া হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকন কমিশন। কমিশনের বিভিন্ন রিজিওনে নিয়োগ হবে। যে-কোনও একটি রিজিওনের শূন্যপদে আবেদন করবেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় 'স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে ১১৩৬' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৩০ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.ssconline.nic.in, www.ssc.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট এক্সামিনার, ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

## কাজের বাজারের গতিপ্রকৃতির দিকে নজর রেখে সিদ্ধান্ত নিন



ডঃ জয়ন্তী দে, অ্যাসোসিয়েট প্রফেসর, পাবলিক সিস্টেমস বিভাগ, কোর্স কো-অর্ডিনেটর, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট

বিশেষ দক্ষতার দরকার এমন পেশার সংখ্যা বাড়ছে। আগামী দিনগুলিতে আরও নতুন নতুন পেশার উদ্ভব ঘটবে প্রয়োজনের প্রেক্ষিতেই। সাধারণভাবে মাধ্যমিক স্তর পর্যন্ত সকলকেই একইরকমের পড়াশোনা করতে হয়। তারপর পড়াশোনার শাখা ভাগ হয়ে যায়। উচ্চমাধ্যমিকের পরে ইঞ্জিনিয়ারিং, ডাক্তারি পড়া যাচ্ছে দীর্ঘকাল ধরেই। এখন হোটেল ম্যানেজমেন্ট, হসপিটালিটি ম্যানেজমেন্ট, হসপিটাল ম্যানেজমেন্ট, রিটেল ম্যানেজমেন্ট, ডিজাইনিং, ফ্যাশন ডিজাইনিং, অ্যানিমেশন, ওয়েব ডিজাইনিং, ইন্টিরিয়র ডিজাইনিং, ট্যুরিজম, ফায়ার সেফটি ম্যানেজমেন্টের মতো পেশাদারি কোর্স পড়া যায় উচ্চমাধ্যমিকের পরে। কেন এইসব বিষয় নিয়ে পড়াশোনার চল তৈরি হয়েছে? কারণ, পেশাদারদের দরকার হয়ে পড়েছে কাজের জগতে।

এভাবেই গ্র্যাজুয়েশনের পরেও নানা পেশাদারি পড়াশোনার সুযোগ তৈরি হয়েছে। রিটেল, ব্যাঙ্কিং, রিয়েল এস্টেট, ট্যুরিজম, ইনশিওরেন্স, জুয়েলারি ডিজাইন, স্পোর্টস সায়েন্স, ভিস্যুয়াল কমিউনিকেশন, ফুড অ্যান্ড বিভারেজ সার্ভিসেস, বেকারি-কনফেকশনারি, ক্যাটারিং টেকনোলজি, ফ্যাশন ফটোগ্রাফি, ফুটওয়্যার টেকনোলজি, ফটোগ্রাফি-ভিডিওগ্রাফি, ভিস্যুয়াল মার্চেনডাইজিং, ইকো-ট্যুরিজম, এক্সপোর্ট মার্কেটিং, ট্যাক্স প্র্যাক্টিস প্রভৃতির মতো প্রচুর পেশাদারি কোর্স পড়ার সুযোগ তৈরি হয়েছে। এ সব বিষয়ে ডিগ্রি, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, ডিপ্লোমা, সার্টিফিকেট কোর্স রয়েছে।

আর্টস, সায়েন্স বা কমার্স শাখায় স্নাতকস্তরের পড়াশোনা শেষ করার পরে যাঁরা সরকারি চাকরির লক্ষ্যে প্রস্তুতি নিতে চান, তাঁরা সেটা করুন। কিন্তু সেক্ষেত্রে জোরদার প্রস্তুতির দরকার রয়েছে। সকলেই যে সেটা করতে পারবেন বা সকলেরই যে সেটা করতে ভালো লাগবে এমনটা তো নয়। আর আমরা এখন এটা জেনে গিয়েছি যে, সরকারি চাকরির তুলনায় চাকরিপ্রার্থীর সংখ্যা অনেক বেশি। ফলে সকলেই চাকরি পাবেন না। উল্টোদিকে চিত্রটা হল, এমন অনেক চাকরি আছে, যেখানে দক্ষ কাজের লোকের অভাব রয়েছে।

একজন শিক্ষিত ছেলে বা মেয়ের কাজকর্ম নিয়ে পছন্দ-অপছন্দ থাকবেই। সেটাই তো স্বাভাবিক। তাহলে পছন্দসই একটা পেশাদারি কাজের প্রশিক্ষণ নিয়ে মনোমতো কাজের জগতে ঢুকে পড়তে পারেন। নতুন নতুন কাজের ধারার নানা পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে অগ্রগতি ঘটে। যে ছেলেটি বা মেয়েটি প্রথম পর্যায়েই এরকম একটি কাজের পরিবেশের মধ্যে ঢুকে পড়তে পারবেন, তিনি ক্রমান্বয়ে অনেক অভিজ্ঞতা সঞ্চয়ের সুযোগ পাবেন। সেই অভিজ্ঞতা ও শিক্ষার সুবিধাগুলোও পাবেন। আমাদের প্রতিষ্ঠানে পাবলিক সিস্টেমস ম্যানেজমেন্ট (এম বি এ) পড়া যায় এনার্জি ম্যানেজমেন্ট, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট, হেলথ কেয়ার অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট, ট্রান্সপোর্ট অ্যান্ড লজিস্টিক্স ম্যানেজমেন্ট বিষয়ে। ম্যানেজমেন্টের অনেক কোর্সের তুলনায় এই কোর্সগুলি নতুন। কোর্স শেষে কেউ বসে থাকেন না। কারণ বাজারে পেশাদারদের চাহিদা রয়েছে।

সবশেষে বলব, কাজের বাজার, তার গতিপ্রকৃতির দিকগুলো নজরে রাখুন। তারপর সঠিক সিদ্ধান্ত নিন। কাজ বহুপ্রকার। তার মধ্যে থেকে পছন্দের কাজটি বেছে নিন।

*✓ জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির ডিপ্লোমা করেছি বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পরে। একটি নার্সিং হোমে চাকরি করছি কিছুদিন যাবৎ। সরকারি চাকরির সন্ধান চাই।*

*নাম প্রকাশে অনিচ্ছুক, ইছাপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর ৭,৬১৫জন বিভিন্ন শিক্ষাগত যোগ্যতার নার্স নিয়োগ করবে। জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির ডিপ্লোমাধারীদের জন্য শূন্যপদ ৪,৫২৯টি। মহিলা ও পুরুষ উভয়েই এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৬ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in

> পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর ৭,৬১৫জন বিভিন্ন শিক্ষাগত যোগ্যতার নার্স নিয়োগ করবেন। জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির ডিপ্লোমাধারীদের জন্য শূন্যপদ ৪,৫২৯টি। মহিলা ও পুরুষ উভয়েই এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১৪ সেপ্টেম্বর সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### দূরশিক্ষায় ন্যাশনাল ল স্কুল অব ইন্ডিয়া ইউনিভার্সিটিতে স্নাতকোত্তর ডিগ্রি ও ডিপ্লোমা কোর্স

বিজনেস ল, হিউম্যান রাইটস ল, এনভায়রনমেন্টাল ল, চাইল্ড রাইটস ল-সহ আইনের বিভিন্ন বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বেঙ্গালুরুর ন্যাশনাল ল স্কুল অব ইন্ডিয়া ইউনিভার্সিটির দূরশিক্ষা বিভাগ। পড়ানো হবে দূরশিক্ষা ব্যবস্থায়। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**বিষয়গুলি হল:** মাস্টার অব বিজনেস ল, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হিউম্যান রাইটস ল, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মেডিক্যাল ল অ্যান্ড এথিকস, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন এনভায়রনমেন্টাল ল, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস ল, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন চাইল্ড রাইটস ল, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন কনজিউমার ল অ্যান্ড প্র্যাকটিস এবং পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইবার ল অ্যান্ড সাইবার ফরেন্সিকস।

স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের মেয়াদ ২ বছর এবং স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক।

**কোর্স ফি:** বিজনেস ল-এর ক্ষেত্রে ৩৪,৩০০ টাকা। হিউম্যান রাইটস ল, এনভায়রনমেন্টাল ল, চাইল্ড রাইটস ল এবং কনজিউমার ল অ্যান্ড প্র্যাকটিসের ক্ষেত্রে ১৫,২০০ টাকা। মেডিক্যাল ল অ্যান্ড এথিকস, ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস ল এবং সাইবার ল অ্যান্ড সাইবার ফরেন্সিকসের ক্ষেত্রে ৩৪,২০০ টাকা।

অনলাইন-অফলাইন উভয় ভাবেই আবেদন করা যাবে। অফলাইনে আবেদন করতে চাইলে আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: http://ded.nls.ac.in অনলাইন আবেদন করার জন্য প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমেই। তারপর অনলাইন ফর্ম পাওয়া যাবে।

#### পূরণ করা অফলাইন আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ১,৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'NLSIU DED Courses'-এর অনুকূলে বেঙ্গালুরুতে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটো দুটি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র-ভরা খামের ওপর যে-বিষয়ের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। আবেদনপত্র ৩০ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Distance Education Department (DED), National Law School of India University, Nagarbhavi, Bengaluru-560 242 (Old Pin -560 072). লেট ফি বাবদ অতিরিক্ত ৫০০ টাকার (মোট ২,০০০ টাকার ডিমান্ড ড্রাফট) বিনিময়ে ১৫ অক্টোবর পর্যন্ত ভর্তি হওয়া যাবে।

আগ্রহীরা দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

### দূরশিক্ষা ব্যবস্থায় পর্যটন ও পরিবেশনসংক্রান্ত আইন ও নীতির স্নাতকোত্তর ডিপ্লোমার কোর্স



ট্যুরিজম অ্যান্ড এনভায়রনমেন্টাল ল এবং এনভায়রমেন্টাল ল অ্যান্ড পলিসির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচারের অধীনস্থ সেন্টার ফর এনভায়রনমেন্টাল ল। ১ বছর মেয়াদের এই কোর্স দু'টি দিল্লির ন্যাশনাল ল ইউনিভার্সিটি দ্বারা স্বীকৃত। কোর্সগুলি পড়ানো হবে দূরশিক্ষা অনলাইন ব্যবস্থায়।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখার স্নাতক হলেই আবেদন করা যাবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

কোর্স ফি: ১৩,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। প্রয়োজনে টেলিফোনে ইন্টারভিউ নেওয়া হতে পারে।

পড়া যাবে দু'ভাবে— অফলাইন ও অনলাইন। অফলাইনে পড়তে চাইলে ছাত্রছাত্রীর নির্দিষ্ট ঠিকানায় স্টাডি মেটেরিয়াল পাঠিয়ে দেওয়া হবে। অনলাইনের ক্ষেত্রে স্টাডি মেটেরিয়াল পাওয়া যাবে প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wwfindia.org আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সই করে দেবেন।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে ফটোর উপর সই করে দেবেন।
- ✓প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের নকল।
- ✓সংশ্লিষ্ট বিষয়টি পড়ার কারণ বিষয়ে লেখা একটি সংক্ষিপ্ত বিবৃতি।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্রটি স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: submissionscel@wwfindia.net অথবা নথি-সহ আবেদনপত্রটি ডাকে পাঠাতে পারেন এই ঠিকানায়: The Course Coordinator, Centre for Environmental Law, WWF-INDIA, 172-B, Lodi Estate, NEW DELHI-110 003. উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: (০১১)৪১৫০-৪৭৭১।

### পুরনো দলিল-দস্তাবেজ, বই ও পাণ্ডুলিপি সংরক্ষণের সার্টিফিকেট কোর্স

পুরনো দলিল-দস্তাবেজ, বই ও পাণ্ডুলিপি সংরক্ষণের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল আর্কাইভস অব ইন্ডিয়ার স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। কোর্সটির নাম: সার্টিফিকেট কোর্স ইন কেয়ার অ্যান্ড কনজারভেশন অব বুকস, ম্যানুসক্রিপটস অ্যান্ড আর্কাইভস। এটি একটি অনাবাসিক কোর্স। কোর্স চলবে ২৯ অক্টোবর থেকে ২২ ডিসেম্বর পর্যন্ত।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত দ্বিতীয় শ্রেণিতে যে-কোনও শাখায় স্নাতক। বিজ্ঞান শাখায় স্নাতক প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ৫-১০-২০১৮ তারিখে ৩০ বছর এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বছরের নীচে হতে হবে।

কোর্স ফি: ৩০০ টাকা।



তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nationalarchives.nic.in

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট বা ব্যাঙ্কার্স চেকের মাধ্যমে ১০০ টাকা। ফি 'Director General of Archives, National Archives of India'-এর অনুকূলে নিউ দিল্লিতে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৫ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


## MSME - TOOL ROOM, KOLKATA

(Central Tool Room & Training Centre)
Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India
Bon Hooghly Industrial Area, Kolkata - 700108, Ph. : 9038578065
E-Mail : cttc@cal.vsnl.net.in, Website: www.msmetoolroomkolkata.com

CTTC KOLKATA
ISO 9001 : 2015
OHSAS 18001 : 2007
CERTIFIED

## (NSQF COMPLIANT COURSES)

As per guideline issued by the Ministry of Skill Development & Entrepreneurship, the recruitment rule of Government of India & PSUs shall be amended to define eligibility criteria in terms of NSQF level. For more information NSQF please 'https://www.skilldevelopment.gov.in/nsqf.html

## ADMISSION NOTICE

| Sl. NO. | COURSE NAME | DURATION & COURSE FEE | ELIGIBILITY | NSQF LEVEL |
|---|---|---|---|---|
| 1 | Post Diploma in Industrial Automation & Robotics | 1 Year, Rs. 61,500/- | Diploma or Degree Mechanical Engineer, Prod Engg, Electrical Engineer, Electronics Engg, Instrumentation Engg. | 6 |
| 2 | Advance Diploma in Machine Maintenance & Automation | 6 Months, Rs. 43,000/- | Diploma in Electrical, Instrumentation or equivalent Engg. | 6 |
| 3 | Master Certificate Course in Automation & Process Control | 6 Months, Rs. 44,500/- | Degree in Electrical, Instrumentation, Electronics or Equivalent | 7 |
| 4 | Advance Embedded Technology | 6 Months, Rs. 44,500/- | Diploma/Degree Electrical Engg., Computer Engg., Biomedical, IT, Instrumentation, B.Sc, M.Sc, in (I.T. Electronics physics) | 6 |
| 5 | Advance Diploma in Computer Hardware & Network Management | 6 Months, Rs. 44,500/- | Graduation in Any Discipline/Diploma/Degree (Engineering) Pursuing/Passed | 6 |
| 6 | CISCO Certified Network Associate (CCNA) | 4 months, Rs. 25,000/- | Graduation in Any Discipline/Diploma/Degree (Engineering) Pursuing/Passed | 6 |
| 7 | Master Certificate Course in Mechatronics | 6 months, Rs. 44,500/- | Diploma/Degree in Electronics, Electrical, Mechanical and it's equivalent | 6 |

HOW TO APPLY : Registration can be done through online payment or by Demand Draft of Rs. 1200/- drawn in favour of "Central Tool Room & Training Centre" payable at Kolkata. For SC/ST candidate no Course Fees will be charged (Execept Registration Fees) subject to production of Two copies Caste Certificate duly self Attested & Aadhar Card (Mandatory) Placement assistance will be provided.

SC/ST FREE

Any other below eligibility interested candidates can also take admission by appeals RPL Test. (Recognition of Prior Learning)

**For details please Contact : 9038578065 - (M Rama Rao)**

'Special discount @15% on the course fess will be offered to collage referral students with a batch size of minimum 5 students.

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে বটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —ঐশিক ব্যানার্জি, তেহট্ট, নদিয়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে বটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৭, ২৯ ও ৩০ অক্টোবর। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) এবং জেনারেল অ্যাওয়ারনেস (৫০ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। মোট সময়সীমা ১ ঘণ্টা। পরীক্ষায় সাধারণ ক্যাটেগরির প্রার্থীরা ৩৫ শতাংশ নম্বর পেলে উত্তীর্ণ বলে বিবেচিত হবেন। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

□ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে চাই। প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিষয়ে বিশদে জানাবেন। —পায়েল মিত্র, কোদালিয়া, হুগলি।*

□□ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মেন পরীক্ষায় বসা যাবে। এই পরীক্ষাতেও অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি (পেপার-ওয়ান) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন (পেপার-টু) বিষয়ে। স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর (গ্রেড-টু) পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স বিষয়ক আরেকটি পত্র এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসারের ক্ষেত্রে ফিনান্স ও ইকনমিক্স বিষয়ে আরেকটি পত্রের পরীক্ষা দিতে হবে। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা করে। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং হবে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সি এস এস) এবং কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্কিল টেস্ট হবে। প্রযোজ্য ক্ষেত্রে ১০০ নম্বরের ইন্টারভিউ হবে। এছাড়া ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে। থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। ওয়েবসাইট: www.ssc.nic.in

## নার্সিং

□ *রাজ্যের বিভিন্ন ই এস আইয়ে স্টাফ নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —রাজশ্রী বিশ্বাস, মাঝিপাড়া, উত্তর ২৪ পরগনা।*

□□ রাজ্যের বিভিন্ন ই এস আইয়ে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ করে থাকতে হবে। পাশাপাশি, রাজ্য নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে বাংলা লিখতে ও বলতে জানতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esiwb.gov.in পূরণ করা দরখাস্ত ২৪ সেপ্টেম্বরের মধ্যে রেজিস্টার্ড ডাক বা স্পিড পোস্ট মারফত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Directorate of ESI (MB) Scheme, WB, P-233, CIT Scheme VIIM, Bagmari Road, Kolkata-700054. অথবা সরাসরি গিয়েও দরখাস্ত জমা দিয়ে আসতে পারেন সোম থেকে শুক্রবার সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে।

## নেট/সেট

□ *ইউ জি সি নেট পরীক্ষায় বসতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? এ বছরের বিজ্ঞপ্তি কি প্রকাশিত হয়ে গিয়েছে? পরীক্ষা কবে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —কৌশিক চ্যাটার্জি, আমতা, হাওড়া।*

□□ ইউ জি সি নেট পরীক্ষায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, ইলেক্ট্রনিক সায়েন্স প্রভৃতি বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ (দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। পি এইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের স্নাতকোত্তর স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে ৫ শতাংশ ছাড় পাবেন। এ বছরের নেট পরীক্ষা হবে ৯ ডিসেম্বর থেকে ২৩ ডিসেম্বর পর্যন্ত। ৩০ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntanet.nic.in

## বি এড

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বি এড কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রাণতোষ মণ্ডল, মালদা।*

□□ বিভিন্ন বিষয়ের বি এড কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর। আসনসংখ্যা ১০০। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর ও অনার্স-সহ স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি। তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৪০ শতাংশ এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। বি এড কোর্সের মেথড বিষয়গুলি হল: বাংলা, ইংরেজি, সংস্কৃত, ইতিহাস, ম্যাথমেটিক্স, ফিজিক্যাল সায়েন্স, ওয়ার্ক এডুকেশন এবং এডুকেশন। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার নম্বরের মাধ্যমে। ১৮ সেপ্টেম্বরের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in

## ব্যাঙ্ক

□ *বিজয়া ব্যাঙ্কে ক্রেডিট বিভাগে প্রবেশনারি অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অনির্বাণ বসাক, ডিহিমণ্ডলঘাট, হাওড়া।*

□□ বিজয়া ব্যাঙ্কে ক্রেডিট বিভাগে প্রবেশনারি অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে কমার্স বা সায়েন্স বা ইকনমিক্স বা ল-য়ে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা বিজনেস ম্যানেজমেন্ট বা ম্যানেজমেন্ট বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা সি এ বা আই সি ডব্লু এ বা কোম্পানি সেক্রেটারি কোর্স পাশ। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.vijayabank.com

## কোর্স, ট্রেনিং

□ *নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে কমিউনিকেটিভ ইংলিশে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —উজ্জ্বল ধাড়া, সাতবাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর।*

□□ কমিউনিকেটিভ ইংলিশের অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন অ্যান্ড কালচারাল স্টাডিজ বিভাগ। কোর্সের মেয়াদ তিন মাস। শুরু হবে আগামী ফেব্রুয়ারি মাসে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। সঙ্গে অবশ্যই কমিউনিকেটিভ ইংলিশের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। কোর্স ফি ৩,৫০০ টাকা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.wbnsou.ac.in, www.cltcsnsou.in পূরণ করা দরখাস্ত ফি ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ ৫ অক্টোবরের মধ্যে যে-কোনও কাজের দিনে জমা দিতে হবে এই ঠিকানায়: কল্যাণী ক্যাম্পাস, ঘোষপাড়া স্টেশন রোড, কল্যাণী, নদিয়া-৭৪১ ২৩৫।

## অন্যান্য চাকরি

□ *বি এস এফে জুনিয়র ইঞ্জিনিয়ার/ সাব-ইনস্পেক্টর পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সায়ন ঘোষ, তুফানগঞ্জ, কোচবিহার।*

□□ বি এস এফে জুনিয়র ইঞ্জিনিয়ার/ সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্বের লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই, শারীরিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল টেস্ট ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রথম পর্বের লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২৫ নম্বর), জেনারেল অ্যাওয়ারনেস (২৫ নম্বর), সংশ্লিষ্ট বিষয়ে জেনারেল ইঞ্জিনিয়ারিং (৫০ নম্বর)। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্বের লিখিত পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখা থেকে ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন। মোট নম্বর ১০০। সময় ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১১ ফুট লং জাম্প, সাড়ে ৩ ফুট হাই জাম্প। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.bsf.nic.in

□ *র‍্যালির মাধ্যমে সেনাবাহিনীতে সোলজার ট্রেডে নার্সিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —জয়ন্তী রায়, আউশগ্রাম, পূর্ব বর্ধমান।*

□□ সেনাবাহিনীতে সোলজার (নার্সিং অ্যাসিস্ট্যান্ট) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা বটানি বা জুলজি বা বায়োসায়েন্সের মধ্যে যে-কোনও একটি বিষয় ও ইংরেজি নিয়ে বি এসসি। ডিগ্রি থাকলে উচ্চমাধ্যমিকের নম্বরের কোনও বাধ্যবাধকতা নেই। তবে, উচ্চমাধ্যমিকে উল্লিখিত চারটি বিষয় নিয়েই পড়ে থাকতে হবে। ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

□ *ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে টেলিকম বিভাগে হেড কনস্টেবল পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —সৌরভ দাস, লালপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষার মাধ্যমে। সব শেষে মেডিক্যাল এক্সামিনেশন। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: সাড়ে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১১ ফুট লং জাম্প (তিনটি সুযোগে), সাড়ে ৩ ফুট হাই জাম্প (তিনটি সুযোগে)। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইংলিশ, জেনারেল হিন্দি, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, সিম্পল রিজনিং। প্রতিটি বিষয়ে ২০টি করে প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের নম্বর ১। পরীক্ষার সময় ২ ঘণ্টা। শিক্ষাগত যোগ্যতামান অনুসারে প্রশ্ন হবে। প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে। দেখুন এই ওয়েবসাইট: www.recruitment.itbpolice.nic.in

□ *রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ইনস্ট্রুমেন্টেশন শাখায় জুনিয়র ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —চিরঞ্জিৎ চক্রবর্তী, লাউগ্রাম, বাঁকুড়া।*

□□ রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ইনস্ট্রুমেন্টেশন শাখায় জুনিয়র ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই বা ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা থাকতে হবে। পাশাপাশি, ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে ইনস্ট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে। বি এসসি, বি কম বা বি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। ওয়েবসাইট: www.vizagsteel.com

নাম: ..................
ঠিকানা: ..................
..................
..................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## গত ১৬ মাস বেতন পাইনি, দুর্দশাগ্রস্ত জীবিকা সেবকদের ভবিষ্যৎ কী?

অত্যন্ত অসহায়তা থেকেই 'কর্মক্ষেত্র' পত্রিকার 'চাই সুবিচার'-এর মতো উল্লেখযোগ্য বিভাগে পত্র লিখতে বাধ্য হচ্ছি। পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া ১১টি জেলার উন্নয়নের জন্য ইউ পি এ আমলে ব্যাকওয়ার্ড রিজিয়ন গ্রান্ট ফান্ড (বি আর জি এফ) প্রকল্প চালু করেছিল কেন্দ্রীয় সরকার। ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম, মুর্শিদাবাদ, মালদহের মতো জেলা এই তালিকায় রয়েছে। পরবর্তীকালে স্পেশ্যাল বি আর জি এফ প্রকল্পের টাকাও পেয়েছিল পশ্চিমবঙ্গ। কিন্তু ২০১৪ সালে নরেন্দ্র মোদী ক্ষমতায় আসার কিছু দিন পরেই কোনও রকম ইঙ্গিত না দিয়েই সেই সব প্রকল্প বন্ধ করে দেওয়া হয়। যার ফলে ওই প্রকল্পের অধীনে থাকা ৯২২ জন কর্মী গত ১৬ মাস ধরে কোনও বেতন পাচ্ছেন না। বি আর জি এফ প্রকল্পের অধীনে থাকা ওই কর্মীদের বলা হয় জীবিকা সেবক। আমিও একজন জীবিকা সেবক। আমাদের কাজ ওই প্রকল্পের জন্য বাড়ি বাড়ি ঘুরে ডেটা কালেকশন বা তথ্য সংগ্রহ করা। যার ভিত্তিতে বি আর জি এফ প্রকল্পের কাজের বরাদ্দ হয়। এই প্রকল্পের অধীনে রাস্তা, পানীয় জল, স্বাস্থ্য পরিষেবা, কালভার্ট, ছোট ব্রিজ তৈরি হয়েছে। সাড়ে সাত হাজার টাকা করে বেতন পেতেন ওই জীবিকা সেবকরা। কিন্তু বর্তমানে প্রকল্পের টাকা আসা বন্ধ হয়ে যাওয়ায় চরম বিপদের মধ্যে পড়ে গিয়েছে প্রায় হাজার পরিবার। প্রকল্প বন্ধ হওয়ার পর কয়েক মাস রাজ্য সরকার নিজেদের তহবিল থেকে তাঁদের বেতন দিয়েছিল। কিন্তু গত ১৬ মাস ধরে বেতন না পেয়ে পরিবার-পরিজন নিয়ে চরম সমস্যায় পড়ে গিয়েছি আমরা। আমাদের সমস্যার কথা জানিয়ে আমরা জেলাশাসকদের দপ্তরেও দরবার করেছি। কোনও সদুত্তর পাইনি। পঞ্চায়েত ভবনেও স্মারকলিপি জমা দিয়েছি। পশ্চিমবঙ্গ কর্মচারী ফেডারেশনের সঙ্গে বৈঠক করেছি। কিন্তু কোনও সূত্র থেকেই কোনও আশার কথা শুনতে পাইনি। অবশ্য সম্প্রতি দক্ষিণ ২৪ পরগনার একটি প্রশাসনিক বৈঠকে এই প্রসঙ্গটি ওঠায়, রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, জীবিকা সেবকদের ন্যাশনাল রুরাল লাইভলিহুড মিশন (এন আর এল এম) বা আনন্দধারা প্রকল্পে যুক্ত করে নেওয়া হবে। কিন্তু তার পর আর সে নিয়ে কোনও উচ্চবাচ্য হয়নি মুখ্যমন্ত্রীর তরফে। কেন্দ্রীয় সরকার হঠকারী ভাবে প্রকল্পটি বন্ধ করে দেওয়ায় না খেতে পেয়ে মরার জোগাড় হয়েছে আমাদের। মুখ্যমন্ত্রীর কাছে আমাদের একান্ত অনুরোধ, অনুগ্রহ করে আমাদের অবস্থাটা গুরুত্বের সঙ্গে বিবেচনা করে দ্রুত কোনও সদর্থক পদক্ষেপ করুন। আমাদের পরিস্থিতি প্রতি দিন আরও সঙ্কটজনক হয়ে উঠছে।

পরিমল শাসমল, নিত্যানন্দপুর, বাঁকুড়া।

> আমাদের কাজ ওই প্রকল্পের জন্য বাড়ি বাড়ি ঘুরে ডেটা কালেকশন বা তথ্য সংগ্রহ করা। যার ভিত্তিতে বি আর জি এফ প্রকল্পের কাজের বরাদ্দ হয়। এই প্রকল্পের অধীনে রাস্তা, পানীয় জল, স্বাস্থ্য পরিষেবা, কালভার্ট, ছোট ব্রিজ তৈরি হয়েছে। সাড়ে সাত হাজার টাকা করে বেতন পেতেন ওই জীবিকা সেবকরা। কিন্তু বর্তমানে প্রকল্পের টাকা আসা বন্ধ হয়ে যাওয়ায় চরম বিপদের মধ্যে পড়ে গিয়েছে প্রায় হাজার পরিবার।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্কলারশিপের খোঁজখবর

● **কীর্ণাহার কামদা কিঙ্কর মেমোরিয়াল সোসাইটি স্কলারশিপ:** মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং পাঠরত মেধাবী ও আর্থিকভাবে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কীর্ণাহার কামদা কিঙ্কর মেমোরিয়াল সোসাইটি। ছাত্রছাত্রীদের অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সরকারি কলেজে মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং শাখায় পড়াশোনার সুযোগ পেয়ে থাকতে হবে। স্কলারশিপের মেয়াদ মেডিক্যাল কোর্সের ক্ষেত্রে ৫ বছর এবং ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে ৪ বছর।

এ-ফোর মাপের সাদা কাগজে স্কলারশিপের জন্য আবেদন জানিয়ে প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, কলেজে ভর্তির রশিদ, কলেজের প্রধান দ্বারা প্রদত্ত সংশ্লিষ্ট কোর্সে ভর্তি হওয়ার প্রমাণপত্র, জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার র‍্যাঙ্ক কার্ড, পারিবারিক বার্ষিক আয়ের প্রমাণপত্র এবং প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল ৩০ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Palash Banerjee, Secretary, Kirnahar Kamada Kinkar Memorial Society, 400/5, Radha Housing, P.O. Dhalua, Kolkata-700 152.

● **বাবা গুরবচন সিং স্কলারশিপ স্কিম ২০১৮:** স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের প্রথম বছরে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে সন্ত নিরংকারী মিশন। বি এ, বি এসসি, বি কম, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার অ্যাপ্লিকেশন বা হোটেল ম্যানেজমেন্টের স্নাতক কোর্স অথবা ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স অথবা এম কম বা এম এ বা এম সি এ-র মধ্যে যে-কোনও একটি শাখায় পাঠরতদের স্কলারশিপ দেওয়া হবে। এ ছাড়া কোনও ক্রীড়া বা ইনস্ট্রুমেন্টাল মিউজিক বা ভোকাল মিউজিকের ডিপ্লোমা বা ডিগ্রি কোর্সে পাঠরত বা প্রশিক্ষণরত প্রার্থীরাও আবেদনের যোগ্য।

**আবেদনের যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ। ৫০ থেকে ৫৯ শতাংশ নম্বর প্রাপ্তরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। পারিবারিক বার্ষিক আয় হতে হবে সাড়ে তিন লাখ টাকার নীচে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: http://www.b4s.in/karma/BGS3 প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩০ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Member Incharge, Education Department, Sant Nirankari Mandal, Sant Nirankari Administrative Block, Nirankari Complex, Nirankari Chowk, Burari Road, Delhi-110 009. অথবা আবেদনপত্র মেল করতে পারেন এই আই ডি-তে: education@nirankari.org

● **ইন্ডাসইন্ড ফাউন্ডেশন মেরিট-কাম-মিনস স্কলারশিপ ২০১৮-১৯:** ২০১৮ সালে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ও বর্তমানে দেশের কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে রেগুলার ডিগ্রি কোর্সে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইন্ডাসইন্ড ফাউন্ডেশন।

**আবেদনের যোগ্যতা:** অন্তত ৮৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।

**স্কলারশিপের পরিমাণ:** প্রতি মাসে ১,৫০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: http://www.b4s.in/karma/IFM1 প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৩০ সেপ্টেম্বরের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Trustee, IndusInd Foundation, Hinduja House, 171, Dr. Annie Besant Road, Worli, Mumbai-400 018.

● **নিরংকারি রাজমাতা স্কলারশিপ স্কিম ২০১৮-১৯:** উচ্চমাধ্যমিক পাশ করে মেডিসিনের বিভিন্ন শাখা যেমন অ্যালোপ্যাথি, আয়ুর্বেদ বা হোমিওপ্যাথি অথবা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখা বা এম বি এ বা ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা বা আর্কিটেকচার অথবা সি এ বা সি এস এ বা আইন নিয়ে স্নাতক স্তরের প্রথম বর্ষে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে সন্ত নিরংকারি চ্যারিটেবল ফাউন্ডেশন। তবে উপরোক্ত কোর্সে ভর্তির জন্য যথাযথ কর্তৃপক্ষ দ্বারা আয়োজিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**আবেদনের যোগ্যতা:** অন্তত ৯০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। বার্ষিক পারিবারিক আয় হতে হবে সাড়ে তিন লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বার্ষিক ৫০,০০০ টাকা। প্রতি বছর মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর পেলে স্কলারশিপ পুনর্নবীকরণ করা হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই এই ওয়েবসাইট থেকে: http://www.b4s.in/karma/NRS5 প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ই-মেল করতে পারেন এই ঠিকানায়: educationdept@nirankarifoundation.org অথবা ডাকে পাঠাতে হবে এই ঠিকানায়: Member Education, Sant Nirankari Charitable Foundation, 80-A, Avtar Marg, Sant Nirankari Colony, Delhi-110 009. উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

● **কিংস ইউনিভার্সিটি কলেজ, ওয়েস্টার্ন ইউনিভার্সিটি স্কলারশিপ ২০১৯:** উচ্চমাধ্যমিক পাশ করে ম্যানেজমেন্ট ও অর্গানাইজেশনাল স্টাডিজ বা সোশ্যাল সায়েন্সেস বা আর্টস বা সোশ্যাল জাস্টিস, পিস স্টাডিজ নিয়ে স্নাতক কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কানাডার ওয়েস্টার্ন ইউনিভার্সিটির অধীনস্থ কিংস ইউনিভার্সিটি কলেজ।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে আই ই এল টি এস (ইন্টারন্যাশনাল ইংলিশ ল্যাঙ্গুয়েজ টেস্টিং সিস্টেম)-এ ৬.৫ বা টোয়েফেল (টেস্ট অব ইংলিশ অ্যাজ আ ফরেন ল্যাঙ্গুয়েজ)-এ ৫৮০ বা টেস্ট অব রিটেন ইংলিশে (টি ডব্লু ই) ৪.৫ বা ইন্টারন্যাশনাল বেঞ্চমার্ক টেস্ট (আই বি টি)-এর প্রতিটি সেকশনে ২০ নম্বর বা পার্সন টেস্ট অব ইংলিশ (পি টি ই)-এর প্রতিটি সেকশনে ৫৬ স্কোর করে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১৭ হাজার কানাডিয়ান ডলার।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/KUC1 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

● **ফেয়ার অ্যান্ড লাভলি ফাউন্ডেশন স্কলারশিপ ২০১৮:** কলেজে পাঠরত ৫৫ জন তরুণীকে স্কলারশিপ দিচ্ছে ফেয়ার অ্যান্ড লাভলি ফাউন্ডেশন। স্কলারশিপ বাবদ এককালীন দেওয়া হবে ২৫ হাজার থেকে ৫০ হাজার টাকা।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করে থাকতে হবে। বয়স হতে হবে ১৫ থেকে ৩০ বছরের মধ্যে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/FAL8 আবেদনের শেষ তারিখ ৩০ অক্টোবর। আবেদনের সময় প্রার্থীর নিজের সম্পর্কে, সংশ্লিষ্ট বিষয় বাছাইয়ের কারণ এবং স্কলারশিপ পেলে সে কীভাবে উপকৃত হতে পারে সেই বিষয়ে ৬০০ শব্দের একটি রচনা লিখতে হবে।

● **অ্যাডোব রিসার্চ উইমেন-ইন-টেকনোলজি স্কলারশিপ ২০১৯:** ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কোনও টেকনিক্যাল বিষয় নিয়ে স্নাতক বা স্নাতকোত্তর কোর্স পড়তে আগ্রহী ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে অ্যাডোব রিসার্চ। শিক্ষাগ্রহণের সব স্তরেই ভাল ফল করে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: এককালীন ১০,০০০ আমেরিকান ডলার। এছাড়াও অ্যাডোবে ইন্টার্নশিপ করার সুযোগ ও রিসার্চ মেন্টর হিসেবে কাজের সুযোগ পাওয়া যাবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/ARW4 আবেদনের শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর।

● **এনার্জি অ্যান্ড মবিলিটি ফর দ্য ফিউচার স্কলারশিপ ২০১৯:** বিজ্ঞান শাখায় স্নাতক স্তরের প্রথম বর্ষ থেকে পি এইচ ডি পর্যন্ত পাঠরত বিজ্ঞান শাখার ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কে পি আই টি। একটি প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করা ছাত্রছাত্রীদের সর্বাধিক ১০ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ দেওয়া হবে। এবারের প্রতিযোগিতার বিষয়: এনার্জি অ্যান্ড মবিলিটি ফর দ্য ফিউচার।

প্রতিযোগিতায় অংশ নিতে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/E&M1 রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

● **ইন্ডিয়ান অয়েল স্পোর্টস স্কলারশিপ ২০১৮:** খেলাধুলায় পারদর্শী ১৯৮ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেবে ইন্ডিয়ান অয়েল। স্কলারশিপের মেয়াদ ৩ বছর।

ক্রীড়াক্ষেত্র অনুসারে স্কলারশিপের সংখ্যা: ক্রিকেট: ২২টি, হকি: ২৩টি, বাস্কেটবল: ৮টি, ভলিবল: ৭টি, ফুটবল: ৮টি, কবাডি: ৬টি, টেনিস: ৮টি, বিলিয়ার্ডস অ্যান্ড স্নুকার: ২টি, গল্ফ: ৫টি, ক্যারম: ৭টি, ব্যাডমিন্টন: ১০টি, দাবা: ৬টি, তিরন্দাজি: ১০টি, বক্সিং: ৪টি, জিমন্যাস্টিক্স: ৯টি, শুটিং: ৮টি, সাঁতার: ১৪টি, রেসলিং: ৮টি, টেবল টেনিস: ১৩টি এবং অ্যাথলেটিক্স: ২০টি। আবেদনের যোগ্যতা: রাজ্য বা জাতীয় স্তরের প্রতিযোগিতায় দলগত বা এককভাবে অংশ নিয়ে থাকতে হবে। বয়স: ১-৯-২০১৮ তারিখে ১৩ থেকে ১৯ বছরের মধ্যে হতে হবে।

স্কলারশিপের পরিমাণ: ১২,০০০ থেকে ১৯,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/ISS12 আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

খেলাধুলার যোগ্যতা-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

● **নেশনওয়াইড এডুকেশন অ্যান্ড স্কলারশিপ টেস্ট (নেস্ট-সিনিয়র) ২০১৯:** একটি জাতীয় স্তরের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বিজ্ঞান শাখায় দ্বাদশ শ্রেণি এবং মেডিসিন, আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, ডেন্টাল সার্জারি, কম্পিউটার অ্যাপ্লিকেশন এবং সায়েন্সের স্নাতক কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এস ই এম সি আই ইন্ডিয়া।

**আবেদনের যোগ্যতা:** নেস্ট সিনিয়র-১ ক্যাটেগরির ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, ইউনানি, ডেন্টাল সার্জারি, কম্পিউটার অ্যাপ্লিকেশন এবং সায়েন্সের স্নাতক কোর্সের প্রথম বা দ্বিতীয় বছরে পাঠরত, বিজ্ঞান শাখায় দ্বাদশ শ্রেণিতে পাঠরত, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা আবেদন করবেন।

নেস্ট সিনিয়র-২ ক্যাটেগরির ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, ইউনানি, ডেন্টাল সার্জারি, কম্পিউটার অ্যাপ্লিকেশন এবং সায়েন্সের (কম্পিউটার অ্যান্ড আই টি) স্নাতক কোর্সের তৃতীয় ও চতুর্থ বর্ষে পাঠরতরা আবেদন করবেন।

স্কলারশিপের পরিমাণ: ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে ৩৫,০০০-৭৫,০০০ টাকা এবং ক্যাটেগরি-২-এর ক্ষেত্রে ৪০,০০০-১,০০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/NEA12 আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

*তথ্য সহায়তা:* buddy4study

● **সি বি এস ই মেরিট স্কলারশিপ স্কিম:** ২০১৮ সালে মাধ্যমিক উত্তীর্ণ মেধাবী মেয়েদের উচ্চমাধ্যমিক স্তরে পড়াশোনার জন্য স্কলারশিপ দিচ্ছে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সি বি এস ই)। বাবা-মায়ের একমাত্র সন্তান যেসব মেয়ে সি বি এস ই-র অন্তর্ভুক্ত স্কুলে একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছে তাঁদের দেওয়া হবে এই স্কলারশিপ। স্কলারশিপের নাম সি বি এস ই মেরিট স্কলারশিপ স্কিম। স্কলারশিপের মেয়াদ ২ বছর। প্রতি বছর শর্তসাপেক্ষে স্কলারশিপ নবীকরণ করা হবে।

আবেদনের যোগ্যতা: ২০১৮-য় সি বি এস ই-র অধীনে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ। প্রার্থী এখন যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করছেন, সেই প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে পঠনপাঠনের ফি প্রতি মাসে ১,৫০০ টাকার বেশি হওয়া চলবে না।

স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ৫০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cbse.nic.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ অক্টোবর।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# জেলায় জেলায় চাকরি

## কল্যাণী পুরসভায় চাকরি

ক্লার্ক, টাইপিস্ট, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে ১০ জন কর্মী নিয়োগ করা হবে কল্যাণী পুরসভায়। প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 19 of 2018.

শূন্যপদের বিন্যাস: ক্লার্ক: ৩টি, টাইপিস্ট: ২টি, ক্যাশিয়ার: ১টি, অ্যাকাউন্ট্যান্ট: ১টি, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: ২টি এবং অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: ১টি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বেলডাঙা পুরসভায় চাকরি

লোয়ার ডিভিশন ক্লার্ক, হেল্পার, মজদুর-সহ বিভিন্ন পদে ২৮ জন কর্মী নেবে বেলডাঙা পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2634/E-02/BM/I-7/2018/En.

শূন্যপদের বিবরণ: লোয়ার ডিভিশন ক্লার্ক: ৪টি (সাধারণ ১, সাধারণ-ইসি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কম্পিউটারের ব্যবহার ও টাইপিং জানা থাকলে অগ্রাধিকার।

হেল্পার: ৪টি (সাধারণ ১, সাধারণ-ইসি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। মজদুর: ১১টি (সাধারণ ২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ২, তফসিলি জাতি-ইসি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। পিওন: ১টি (সাধারণ)। দারোয়ান: ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। বাংলায় পড়তে ও লিখতে জানা চাই। সুস্বাস্থ্যের অধিকারী হলে অগ্রাধিকার।

স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কম্পিউটারের ব্যবহার জানলে অগ্রাধিকার।

টাইপিস্ট: ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার: ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। অ্যাকাউন্টিং-সংক্রান্ত কাজ এবং কম্পিউটারের ব্যবহার জানলে অগ্রাধিকার।

অ্যাসেসমেন্ট-ইন-চার্জ: ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: সার্ভেয়রশিপে ডিপ্লোমা। কম্পিউটারের ব্যবহার জানলে অগ্রাধিকার।

স্যানিটারি ইনস্পেক্টর: ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে স্যানিটারি ইনস্পেক্টরশিপে ডিপ্লোমা কোর্স পাশ। কম্পিউটারের ব্যবহার জানলে অগ্রাধিকার।

সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। অটোক্যাড ও কম্পিউটার ব্যবহার জানলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২৪ থেকে ৩৬ বছর, স্যানিটারি ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ২১ থেকে ৩৯ বছর, অ্যাসেসমেন্ট-ইন-চার্জ পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৯ বছর এবং অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, এক্সেম্পটেড ক্যাটেগরি এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** স্যানিটারি ইনস্পেক্টর ও অ্যাসেসমেন্ট-ইন-চার্জ পদের ক্ষেত্রে ৭,১০০-৩৭,৬০০ টাকা, গ্রেড পে ৩,৬০০ টাকা। লোয়ার ডিভিশন ক্লার্ক, স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার, টাইপিস্ট পদের ক্ষেত্রে ৫,৪০০-২৫,২০০ টাকা, গ্রেড পে ২,৬০০ টাকা। মজদুর, দারোয়ান, পিওন এবং হেল্পার পদের ক্ষেত্রে ৪,৯০০-১৬,২০০ টাকা, গ্রেড পে ১,৭০০ টাকা। সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৯,০০০-৪০,৫০০ টাকা, গ্রেড পে ৪,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, প্র্যাক্টিক্যাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং নেই।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.beldangamunicipality.org

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ২০০ টাকা (তফসিলি এবং তফসিলি জাতি (ই সি)-র ক্ষেত্রে ১০০ টাকা)। ড্রাফটটি 'Chairman, Beldanga Municipality'-এর অনুকূলে বেলডাঙায় প্রদেয় হতে হবে। ✓প্রার্থীর ৩ কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোগুলি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও প্রয়োজনীয় মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম, বিজ্ঞপ্তি নম্বর এবং প্রার্থীর ঠিকানা লিখে দেবেন। দরখাস্ত সাধারণ ডাকে বা স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্ট বা কুরিয়ারে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Beldanga Municipality, Station Road, P.O. & P.S.-Beldanga, Dist-Murshidabad, Pin-742 133. এছাড়া দরখাস্ত সরাসরি জমা দিতে পারেন উপরোক্ত ঠিকানায় রাখা ড্রপবক্সে। উভয়ক্ষেত্রেই দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১১ অক্টোবর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**WEST BENGAL STATE WAREHOUSING CORPORATION**

**RECRUITMENT NOTICE**

**WBSWC is going to engage 10 (Ten) Nos. Clerk-cum-D.E.O. on purely contractual and temporary basis for an initial period of one year only. For detail terms and conditions please visit website www.warehousingwb.com Addition, alteration, rectification, corrigendum, if any, will be published in the aforesaid website only. Closing date for submission of application : 04.10.2018.**

Sd/-
**Managing Director, WBSWC**

# EKDN

A Complete Education Solution

## Welcome to EKDN Family

**EKDN's All Chanels ,Groups and other Services**

### ENGLISH VERSION

**http://t.me/EKDNGroup**
**http://t.me/SuccessGuide**
**http://t.me/EnglishGuide4All (English Special)**
**http://t.me/SuccessSummit (Eng+Bng)**

### BENGALI VERSION

**http://t.me/BanglaJobGuide**
**http://t.me/ScienceGuide (Science)**
**http://t.me/Geo_Guide (Geography)**
**http://t.me/EcoPolityGuide (Eco+Polity)**
**http://t.me/HistoryGuide (History)**
**http://t.me/BangoSongbad (Daily News in BNG)**

### Study Material PDF Guide:

**http://t.me/PDF4Study (English+Bengali)**

### Descriptive Guide: (English+Bengali)

**https://t.me/joinchat/CtdP00nEIvOloYNNBLQUaw**

### Math+GI Guide:

**https://t.me/joinchat/CtdP01G8L9VptJVMyduZog**

### BENGALI MAGAZINE FOR POEM/STORY/DRAWING

**http://t.me/NirobAalo**

### Facebook Pages :

**http://fb.com/ExamKaDarrNahi**
**http://fb.com/BanglaJobGuide**
**http://fb.com/NirobAalo**

### WEBSITES :

**www.ekdnguide.tk ( 9.06 Lakh+ View)**
**www.banglajobguide.tk (5.2 Lakh+ View)**
**www.enirobaalo.tk (4k+ View)**

**Thank You all for your support ,trust and love** 😊

Created in Master PDF Editor

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৪ সেপ্টেম্বর-১০ সেপ্টেম্বর

**৪ সেপ্টেম্বর** প্রধান বিচারপতি দীপক মিশ্র তাঁর উত্তরসূরি হিসেবে বিচারপতি রঞ্জন গগৈয়ের নাম সুপারিশ করে চিঠি পাঠালেন কেন্দ্রীয় আইন মন্ত্রককে। আইন মন্ত্রক সুপারিশে সায় দিলে পরবর্তী প্রধান বিচারপতি হিসেবে ৩ অক্টোবর শপথ নেবেন বিচারপতি গগৈ। বর্তমান প্রধান বিচারপতি দীপক মিশ্র অবসর নেবেন ১ অক্টোবর।

## ভারত-মার্কিন নয়া সামরিক সমঝোতা



৬ সেপ্টেম্বর: ওয়াশিংটনের সঙ্গে নতুন সামরিক সমঝোতার পথে গেল নয়াদিল্লি। এ দিন দু'দেশের বিদেশমন্ত্রী এবং প্রতিরক্ষামন্ত্রী পর্যায়ের বৈঠকের পর (টু প্লাস টু) একটি নতুন চুক্তি স্বাক্ষরের কথা ঘোষণা করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সামরিক ক্ষেত্রে ভারতের নয়া সমঝোতার ফলে দু'দেশের বাহিনীর মধ্যে গোপন বার্তার আদানপ্রদান বাড়বে। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে, এই সমঝোতার ফলে দক্ষিণ এশিয়ায় চিনা জাহাজের গতিবিধি সম্পর্কে মার্কিন জাহাজ তথ্য পেলে তা হাতে আসবে ভারতেরও। মার্কিন বিদেশসচিব জেমস ম্যাটিস ও প্রতিরক্ষাসচিব মাইক পম্পেয়োর সঙ্গে বৈঠকে উপস্থিত ছিলেন ভারতের বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ ও প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারামন। ম্যাটিস এ দিন পাকিস্তানের নাম না করে বলেছেন,'দ্বিপাক্ষিক সহযোগিতার মধ্য দিয়ে ভারত এবং আমেরিকা এটা বুঝতে পারছে যে দু'দেশকেই অর্থহীন সন্ত্রাসবাদের শিকার হতে হচ্ছে। ঠিক ১০ বছর আগে মুম্বইয়ে নিরীহ মানুষকে প্রাণ দিতে হয়েছিল। নভেম্বরের সেই জঙ্গি হামলার দশম বার্ষিকী এসে গেল।' সুষমা স্বরাজও সরাসরি বলে দিয়েছেন, 'সন্ত্রাসবাদের ক্রমশই বাড়বাড়ন্ত হচ্ছে পাকিস্তানে। যা আমেরিকা, ভারত এবং অন্যান্য রাষ্ট্রগুলিকেও বিপদে ফেলে দিচ্ছে।' ছবি: পি টি আই



“বিশ্বের আর পাঁচ জনের মতো কাশ্মীরের মানুষেরও সুবিচার পাওয়ার অধিকার রয়েছে। সংশ্লিষ্ট প্রশাসনকে তা সুনিশ্চিত করার আর্জি জানাচ্ছি।”

মিশেল বাশলে, *রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার রক্ষা কাউন্সিলের হাই কমিশনার*

*রাষ্ট্রপুঞ্জ ভারত-পাক নিয়ন্ত্রণরেখার দু'দিক থেকেই কাশ্মীরে নিঃশর্ত প্রবেশাধিকার চায় জানিয়ে*

## শীর্ষ আদালতে খারিজ ৩৭৭ ধারা



৬ সেপ্টেম্বর: এখন থেকে সমকাম আর অপরাধ নয় বলে রায় দিল সর্বোচ্চ আদালত। ব্রিটিশ ভারতে তৈরি, ১৮৬১ সালের ভারতীয় দণ্ডবিধির ৩৭৭ ধারায় সমকামী যৌন সম্পর্ককে অপরাধ বলা হয়েছিল। প্রধান বিচারপতির নেতৃত্বাধীন সাংবিধানিক বেঞ্চ এ দিন এই ধারাকে 'অসাংবিধানিক' বলে খারিজ করে দিয়েছে। রায় ঘোষণা করে প্রধান বিচারপতি দীপক মিশ্র বলেন, '৩৭৭ ধারা অযৌক্তিক, নিয়মবহির্ভূত এবং বোধাতীত। কারণ এলজিবিটি সম্প্রদায়ের সমানাধিকারে তা হস্তক্ষেপ করে। সমাজের নৈতিক ধ্যান-ধারণা এক জন নাগরিকের অধিকার লঙ্ঘন করতে পারে না।'

## ভোটের আগে সরব ওবামা



৮ সেপ্টেম্বর: হোয়াইট হাউস ছাড়ার পর এই প্রথম রাজনীতির মঞ্চে নেমে সরাসরি ট্রাম্পের বিরুদ্ধে মুখ খুললেন বারাক ওবামা। নভেম্বরে মার্কিন কংগ্রেসের অন্তর্বর্তী নির্বাচনের আগে দলের হয়ে তার প্রচারে নেমে ট্রাম্পকে 'স্বাস্থ্যকর গণতন্ত্র' ফিরিয়ে আনার ডাক দিলেন ওবামা। ক্ষমতাবদলের পরে ট্রাম্প জমানার নানাবিধ নীতি নিয়ে মন্তব্য করলেও, এত দিন সরাসরি মন্তব্য এড়িয়ে গিয়েছেন তিনি। এ দিন ওবামা জানান, ট্রাম্প জমানায় ভয়াবহ এক রাজনৈতিক অন্ধকারের মধ্যে রয়েছে দেশ। কূটনীতিকদের একাংশ বলছেন, হোয়াইট হাউস থেকে সরে যাওয়ার পর এ ভাবে মার্কিন রাষ্ট্রপতিকে রাজনৈতিক আক্রমণ করেননি কোনও পূর্বসুরি। প্রথা ভাঙলেন ওবামা।

জঙ্গি নেতা জালালুদ্দিন হক্কানির মৃত্যু হয়েছে বলে জানাল তালিবান জঙ্গি গোষ্ঠী। হক্কানি ১৯৭০ সালে পাকিস্তানের ওয়াজিরিস্তানে জঙ্গি নেটওয়ার্ক গড়ে তোলেন। আশির দশকে আফগানিস্তানে সোভিয়েত বাহিনীর সঙ্গে যুদ্ধের সময় আমেরিকা মদত দিয়েছিল হক্কানির গেরিলা বাহিনীকে। পরে তালিবান ও আল কায়দার সঙ্গে জোট বাঁধে হক্কানি গোষ্ঠী। ওসামা বিন লাদেন ও মোল্লা ওমরের মতোই আমেরিকার দুশ্চিন্তার কারণ হয়ে ওঠেন হক্কানি। গত দশ বছর ধরে অবশ্য পক্ষাঘাতে আক্রান্ত ছিলেন তিনি।

**৫ সেপ্টেম্বর** পাকিস্তানকে সামরিক অনুদান বন্ধ করা নিয়ে বিতর্কের মধ্যেই পাকিস্তান সফরে গেলেন মার্কিন বিদেশসচিব মাইক পম্পেয়ো। এ দিন পাক প্রধানমন্ত্রী ইমরান খানের বাসভবনে গিয়ে তাঁর সঙ্গে বৈঠক করেন তিনি। বৈঠকে উপস্থিত ছিলেন আমেরিকার সেনাকর্তা জেনারেল জোসেফ ডানফোর্ড, পাকিস্তানের বিদেশমন্ত্রী শাহ্ মেহমুদ কুরেশি এবং জেনারেল কমর জাভেদ বাজওয়া। পাক মিডিয়া সূত্রে বলা হয়েছে, নানা আঞ্চলিক ও দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

**৭ সেপ্টেম্বর** নোটবাতিল, জিএসটি থেকে কেন্দ্রের কর্ম-সংস্থান করার দাবি— বিভিন্ন ক্ষেত্রে সরকার ব্যর্থ বলে ফের সরব হলেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। দিল্লিতে কংগ্রেস নেতা কপিল সিবলের লেখা 'শেডস অব ট্রুথ — আ জার্নি ডিরেলড' বই প্রকাশ অনুষ্ঠানে মনমোহন বলেন, 'আরবিআই রিপোর্টই বলছে, নোটবাতিলে কাজের কাজ কিছুই হয়নি।' প্রাক্তন প্রধানমন্ত্রীর দাবি, বিদেশে জমা কালো টাকা ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় এসেছিল বিজেপি সরকার। কিন্তু তা কার্যে পরিণত করতে কিছুই করেনি সরকার। মনমোহন আরও বলেন,'মেক ইন ইন্ডিয়া কিংবা স্ট্যান্ড আপ ইন্ডিয়ার মতো প্রকল্প এখনও শিল্পে সেভাবে দাগ কাটতে পারেনি। সহজে ব্যবসা করার মতো জায়গায় পৌঁছতে পারেনি ছোট ও ক্ষুদ্র শিল্পগুলি।'

## নয়া পাক প্রেসিডেন্ট আরিফ আলভি



৪ সেপ্টেম্বর: পাকিস্তানের নয়া প্রেসিডেন্ট নির্বাচিত হলেন পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ এর নেতা আরিফ আলভি। সে দেশের ত্রয়োদশ প্রেসিডেন্ট নির্বাচিত হলেন তিনি। মোট ৩৫৩টি ইলেক্টোরাল ভোট পেয়েছেন আরিফ। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী ফজলুর রহমান ১৮৪টি ভোট পেয়েছেন। গত মাসে পাক ন্যাশনাল অ্যাসেম্বলির ভোটে করাচির একটি কেন্দ্র থেকে পুনর্নির্বাচিত হয়েছিলেন ৬৯ বছর বয়সি এই পিটিআই নেতা।

পাকিস্তান ভবিষ্যতে অন্য কারও হয়ে কোনও যুদ্ধে নিজেকে জড়াবে না বলে জানিয়ে দিলেন সে দেশের নতুন প্রধানমন্ত্রী ইমরান খান। এ দিন রাওয়ালপিন্ডিতে জাতীয় প্রতিরক্ষা এবং সেনা-শহিদ দিবসে আয়োজিত অনুষ্ঠানে এই মন্তব্য করেছেন তিনি। আফগানিস্তানে জঙ্গিদের বিরুদ্ধে লড়াইয়ে পাকিস্তান সহযোগিতা করছে না বলে দীর্ঘদিন ধরেই অভিযোগ করে আসছে আমেরিকা। পাকিস্তান এই অভিযোগ অস্বীকার করেছে। এই নিয়ে চাপানউতোর ক্রমশই বাড়ছে দুই দেশের মধ্যে। কূটনীতিকদের একটা বড় অংশই মনে করছেন ইমরানের এ দিনের বার্তা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নিশানা করেই। ইমরান আরও দাবি করেছেন, সন্ত্রাস দমনে পাক সেনাবাহিনীর মতো আত্মত্যাগ আর কেউ করেনি। তিনি বলেছেন, 'সেনার এই আত্মত্যাগ বিফলে যাওয়ার নয়। পাকিস্তানকে আজ সত্যিই সব দিক থেকে বিপন্মুক্ত করে রেখেছে আমাদের বাহিনী। দেশে এটাই একমাত্র সরকারি প্রতিষ্ঠান, যেখানে রাজনীতির হস্তক্ষেপ নেই।'

**৯ সেপ্টেম্বর** গোটা বিশ্বকে এ বার ক্ষেপণাস্ত্র-হীন কুচ-কাওয়াজ দেখাল উত্তর কোরিয়া। দেশ গঠনের ৭০ বছর উপলক্ষে পিয়ংইয়ংয়ে বড়সড় কুচকাওয়াজের আয়োজন করেছিল উত্তর কোরিয়া। তাতে অন্যান্য যুদ্ধাস্ত্রের প্রদর্শন করা হলেও আন্তর্মহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দেখানো হয়নি। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে বৈঠকের আগে আমেরিকার ওপর ক্ষেপণাস্ত্র হামলার হুমকি দিয়েছিলেন কিম জং উন। তবে পরে মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকে পরমাণু নিরস্ত্রীকরণে রাজি হন তিনি। সে দিক থেকে ক্ষেপণাস্ত্র ছাড়াই উত্তর কোরিয়ার এই কুচকাওয়াজকে কোরীয় উপদ্বীপের রাজনীতিকদের অনেকেই যথেষ্ট ইতিবাচক বলে মনে করছেন।

**যুক্তরাষ্ট্র ওপেনে সেরিনা উইলিয়ামসকে** স্ট্রেট সেটে (৬-২,৬-৪) হারিয়ে জীবনের প্রথম গ্র্যান্ড স্লাম জিতে নিলেন জাপানের নেয়োমি ওসাকা। আর্থার অ্যাশ স্টেডিয়ামে এ দিন ম্যাচ চলাকালীন চেয়ার আম্পায়ারের সঙ্গে তর্কাতর্কিতে জড়িয়ে পড়েন সেরিনা। ম্যাচ চলাকালীন নিজের র‍্যাকেট আছড়ে ভাঙায় সেরিনার পয়েন্ট কেটে নেন আম্পায়ার। তারপরই সেরিনা তাঁকে উদ্দেশ করে 'চোর' বলায় শাস্তি হিসেবে গেমটি ওসাকাকে দিয়ে দেন আম্পায়ার। ম্যাচের পরে আম্পায়ারের বিরুদ্ধে লিঙ্গ বৈষম্যের অভিযোগ আনেন সেরিনা। তিনি বলেন, 'পুরুষ খেলোয়াড়েরা অনেকে অনেককিছু বলেন আম্পায়ারকে। কিন্তু কখনও এ রকম শাস্তি পেতে হয় না। আমি মেয়ে বলে আমাকে এই শাস্তি পেতে হল। আমার থেকে একটা গেম নিয়ে নেওয়া হল। আমি এখানে শুধু নিজের জন্য নয়, মেয়েদের অধিকার নিয়ে লড়াই করছি।'

## যুক্তরাষ্ট্র ওপেন জিতলেন জোকোভিচ



১০ সেপ্টেম্বর: খুয়ান মার্তিন দেল পোত্রোকে স্ট্রেট সেটে হারিয়ে তৃতীয় বার যুক্তরাষ্ট্র ওপেন টেনিস চ্যাম্পিয়ন হলেন নোভাক জোকোভিচ। ফাইনালে দেল পোত্রোকে ৬-৩, ৭-৬ (৭-৪), ৬-৩ হারানোর পর সার্বিয়ান টেনিস তারকা জোকোভিচ বিশ্ব র‍্যাঙ্কিংয়ে তিন নম্বরে উঠে এসেছেন। তৃতীয় যুক্তরাষ্ট্র ওপেন জয়ের পাশাপাশি এ দিন জোকোভিচ স্পর্শ করলেন পিট সাম্প্রাসের ১৪টি গ্র্যান্ড স্লাম জয়ের রেকর্ড। এখন তাঁর সামনে রয়েছেন নাদাল (১৭) এবং রজার ফেডেরার (২০)।

**১০ সেপ্টেম্বর** দিল্লিবাসীর কাছে বাড়ি বাড়ি সরকারি পরিষেবা পৌঁছে দেওয়ার প্রকল্প চালু করল অরবিন্দ কেজরীবালের সরকার। দিল্লি সরকার জানিয়েছে, দিল্লির বাসিন্দারা ১০৭৬ নম্বরে ডায়াল করে ৪০টি ক্ষেত্রে পরিষেবা চাইতে পারবেন। প্রতিটি এলাকার জন্য মোবাইল সহায়ক নিযুক্ত করা হয়েছে। মুখ্যমন্ত্রী কেজরীবাল বলেছেন,'নির্দিষ্ট দিনে ওই ব্যক্তি আবেদনকারীর বাড়ি থেকে প্রয়োজনীয় নথি সংগ্রহ করে নেবেন। এর পরে বাড়ি বসেই আবেদনকারী রেশন কার্ড, পাসপোর্ট, আয় বা জাতিগত শংসা-পত্রের মতো ৪০টি পরিষেবা হাতে পাবেন।'

**আখাউড়া-আগরতলা ও কুলাউড়া-শাহবাজপুর** রেলপ্রকল্প এবং পশ্চিমবঙ্গ থেকে বাংলাদেশে বিদ্যুৎ রপ্তানি ব্যবস্থার সূচনা হল। দু'দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে প্রতিবেশী দুই দেশে' প্রকল্পগুলির সূচনা করেন। কনফারেন্সে হাজির ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব দেব। দু'দেশের বিদেশমন্ত্রীরাও সেখানে বক্তব্য রেখেছেন। প্রকল্পের সূচনা করতে গিয়ে নরেন্দ্র মোদী বলেন, 'বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে আমার যখনই কথা হয় তখনই ১৯৬৫ সালের আগে যে যোগাযোগ ব্যবস্থা ছিল তা পুনরুজ্জীবনের প্রসঙ্গ আসে'। শেখ হাসিনাও বলেন, '১৯৬৫ সালের আগের রেল সংযোগ পুনরায় স্থাপন করতে আমরা কাজ করে যাচ্ছি'। পশ্চিমবঙ্গ থেকে বাংলাদেশে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ পাঠানোর প্রসঙ্গে বলতে গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় জানান, কেন্দ্র রাজি থাকলে অতিরিক্ত আরও ১০০০ মেগাওয়াট বিদ্যুৎ বাংলাদেশকে দিতে রাজি আছে পশ্চিমবঙ্গ।

## ভাঙল মাঝেরহাট সেতু



৪ সেপ্টেম্বর: ধসে পড়ল দক্ষিণ-পশ্চিম কলকাতার অন্যতম ব্যস্ত মাঝেরহাট সেতু। বেহালা ও অন্যান্য গুরুত্বপূর্ণ এলাকার সঙ্গে সংযোগের মূল এই সেতুটির একটি অংশ শিয়ালদহ-বজবজ রেললাইনের পাশে খালের জলে ভেঙে পড়ে। এই ঘটনায় তিন জনের মৃত্যু হয়েছে। ৪৫০ মিটার দীর্ঘ সেতুটি মেরামতির জন্য দরপত্র জমা পড়েছিল পূর্ত দপ্তরে। সেতুটির কাছেই মেট্রো রেলের কাজের জন্য হওয়া কম্পনে সেতুটির ক্ষতি হয়েছিল কি না তাই নিয়ে প্রশ্ন উঠেছে। আপাতত মেট্রোর কাজ বন্ধ রাখতে নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। ছবি: পি টি আই

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

## রাজ্য পুলিশে ৫৭০২ কনস্টেবল

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ২৩ সেপ্টেম্বর

1. বিবিকা মকবারা স্থাপত্য কীর্তিটি কার?
(a) বাবর (b) আকবর (c) শাহজাহান (d) ঔরঙ্গজেব
2. প্রাকৃতিক সৌরপর্দা কোনটি?
(a) ট্রপোস্ফিয়ার (b) স্ট্র্যাটোস্ফিয়ার (c) মেসোস্ফিয়ার (d) ওজোনোস্ফিয়ার
3. 500 টাকার নোটে কোন স্থাপত্যের ছবি আছে?
(a) কোনারকের সূর্য মন্দির (b) লালকেল্লা (c) হাম্পি (d) কুতুবমিনার
4. পৃথিবীর গভীরতম সমুদ্রখাত কোনটি?
(a) মারিয়ানা (b) সুন্দা (c) পুয়ের্তোরিকো (d) রোমানশ
5. নীচের কোন সুলতান বেকার সমস্যা সমাধানে দপ্তর খুলেছিলেন?
(a) ইলতুতমিস (b) ফিরোজ শাহ তুঘলক (c) কুতুবউদ্দিন আইবক (d) মহম্মদ বিন তুঘলক
6. কোন রোগকে 'Dancing cat'-এর সঙ্গে তুলনা করা হয়?
(a) মিনামাটা (b) ইটাই-ইটাই (c) ডিসলেক্সিয়া (d) সিলিকোসিস
7. চুলে যে প্রোটিন থাকে তা হল:
(a) মেলানিন (b) কেরাটিন (c) অ্যাকটিন (d) মায়াসিন
8. নীচের কোনটি কয়লা নয়?
Company: Chola Insurance Distribution Service
Position Title: Branch Collection Manager - Home Equity
Experience, Location: 3 -5 Years, Kolkata
Profile: The role holder is responsible for leading Collections Associates in achieving the collections target at a Branch. The role holder is also responsible for maintaining a quality collections portfolio. Minimising cases from moving into arbitration and court proceedings is also a critical part of the role.Key Accountabilities: Ensure collections of defaulter payments in the Branch/Area office, across all buckets
To apply for this job, log on to www.shine.com and search using 9179929 as keyword.

Hub City Innovation
Company: Hub City Innovation
Position Title: Corporate Sales Consultants
Experience, Location: 2 - 5 Years, Kolkata
Profile: Corporate Sales Consultants Understands automobiles by studying characteristics, capabilities, and features; comparing and contrasting competitive models; inspecting automobiles. Meeting with client for selling the car Develops buyers by maintaining support with previous customers; suggesting trade-ins; meeting prospects at community activities; greeting drop-ins; responding to inquiries; recommending sales campaigns and promotions.
To apply for this job, log on to www.shine.com and search using 9188829 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com
Great careers start here

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ১১ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭২৭৫ ক্লার্ক

*প্রথম পাতার পর*

অনুযায়ী ক্লার্ক পদে নিয়োগের জন্য যখন বিজ্ঞাপন দেবে, তখন সেই বিজ্ঞাপনের উত্তরে শুধু আই বি পি এস-এর পরীক্ষায় বৈধ স্কোর কার্ডধারীরা আবেদন করতে পারবেন। অন্তত কত স্কোর থাকলে আবেদন করা যাবে তা নির্দিষ্ট করে দিতে পারে নিয়োগকারী ব্যাঙ্ক। এরপর সংশ্লিষ্ট ব্যাঙ্ক গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্তভাবে প্রার্থী বাছাই করবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

সংশ্লিষ্ট ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের তালিকা: এলাহাবাদ ব্যাঙ্ক, ব্যাঙ্ক অব বরোদা, ব্যাঙ্ক অব ইন্ডিয়া, কানাড়া ব্যাঙ্ক, কর্পোরেশন ব্যাঙ্ক, ইন্ডিয়ান ব্যাঙ্ক, ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স, পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ইউকো ব্যাঙ্ক, বিজয়া ব্যাঙ্ক।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। সঙ্গে কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। কম্পিউটার বিষয়ক সার্টিফিকেট, ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স করে থাকতে হবে। অথবা স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে। যে-রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন, সেই রাজ্যের আঞ্চলিক ভাষা লিখতে, বলতে ও পড়তে জানা চাই।

**বয়স:** ১-৯-২০১৮ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৯-১৯৯০ থেকে ১-৯-১৯৯৮-এর মধ্যে। বয়সসীমায় তফসিলিরা ৫ বছর, ও বি সিরা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি এবং আইনত বিবাহবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে ৯ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরাও নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

**ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস:** পশ্চিমবঙ্গ: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ১৩০টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ৩টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৫২টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৪০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৫৮টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ৩)।

ত্রিপুরা: **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (সাধারণ)। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ১টি (সাধারণ)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)।

অসম: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ২০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৯টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১টি (সাধারণ)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৮টি (সাধারণ ৬, ও বি সি ২)। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ৪টি (সাধারণ ২, ও বি সি ২)। **ইন্ডিয়ান ব্যাঙ্ক:** শূন্যপদ ৮টি (সাধারণ ৬, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, ও বি সি ২)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ১৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত, বৌদ্ধিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত, প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২)।

বিহার: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৮, ও বি সি ১৩)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য, ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য এবং ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ২১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৩টি করে শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৭টি (সাধারণ ১১, তফসিলি জাতি ২, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে অস্থিসংক্রান্ত ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ইন্ডিয়ান ব্যাঙ্ক:** শূন্যপদ ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৫৩টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

চণ্ডিগড়: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৩টি (সাধারণ)। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (সাধারণ)।

ছত্তিশগড়: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ১টি (সাধারণ)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)।

দিল্লি: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৩৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, বৌদ্ধিক প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৭১টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ২টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ১১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, বৌদ্ধিক প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১২০টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টি, শ্রবণ ও অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ৪২টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইন্ডিয়ান ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (সাধারণ)। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

হিমাচল প্রদেশ: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ২)। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (সাধারণ)। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ২টি (ও বি সি)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৫৮টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১টি (সাধারণ)।

ঝাড়খণ্ড: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪১টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ৩টি (সাধারণ)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১টি (তফসিলি উপজাতি)।

মধ্যপ্রদেশ: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ২টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৩৮টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৫)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য এবং ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪১টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৬)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৮০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ১২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ৬টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ৫টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪৭টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত, বৌদ্ধিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

উত্তরপ্রদেশ: **এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ২৫০টি (সাধারণ ১২৫, তফসিলি জাতি ৫২, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৬৮)। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য, ৫টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৩টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৩০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ১১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ১৮১টি (সাধারণ ৮৯, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪৮)। এর মধ্যে ৪টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য এবং ২৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩৮টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৭, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ২৮টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইন্ডিয়ান ব্যাঙ্ক:** শূন্যপদ ২৩টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, ও বি সি ৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য এবং ৪টি করে শূন্যপদ প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৭, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য, ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ৯৮টি (সাধারণ ৪৯, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য, ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৮৪টি (সাধারণ ৮৯, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫০)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য, ৪টি শূন্যপদ

*এরপর ষোলোর পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ৭৬১৫ স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

শিক্ষাগত যোগ্যতা অনুসারে মোট শূন্যপদের ভিত্তিতে দরখাস্ত করলেই চলবে।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা বা বেসিক বি এসসি (নার্সিং) অথবা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) কোর্স পাশ। কোর্সটি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল ও পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত হতে হবে। প্রার্থীকে বাংলা বা নেপালি লিখতে ও বলতে জানতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। রাজ্যের তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৬০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর।

মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন সার্টিফিকেট আপলোড করতে হবে। যাঁরা এবছরের সেপ্টেম্বরের মধ্যে কোর্স সম্পূর্ণ করবেন তাঁরাও আবেদন করতে পারেন। নির্বাচিত হলে চাকরিতে যোগ দেওয়ার সময় পার্মানেন্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে।

অনলাইনে '০০৫১-০০-১০৪-০০২-১৬' শিরোনামের অ্যাকাউন্টে গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম-এর (জি আর আই পি এস) মাধ্যমে ফি বাবদ শুধু জেনারেল এবং ও বি সি ক্যাটেগরির ('এ' ও 'বি') প্রার্থীদের ২১০ টাকা জমা দিতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিহার স্টেট পাওয়ার হোল্ডিং কোম্পানিতে ৬৭৬

*প্রথম পাতার পর*

**বয়স:** ১-৮-২০১৮ তারিখে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** প্রবেশন চলাকালীন প্রথম বছরে প্রতি মাসে ৯,২০০-১৫,৫০০ টাকা। দ্বিতীয় বছর থেকে সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী অ্যাসিস্ট্যান্ট অপারেটর পদের ক্ষেত্রে লেভেল-ফোর এবং বাকি পদের ক্ষেত্রে লেভেল-থ্রি অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ, লজিক্যাল রিজনিং, জেনারেল ইংলিশ অ্যান্ড কম্প্রিহেনশন, জেনারেল হিন্দি, কম্পিউটার এবং সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষা হতে পারে অক্টোবরের শেষ সপ্তাহে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bsphcl.bih.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৮ অক্টোবর। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,০০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্ত এবং রেজিস্ট্রেশন স্লিপের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: employment@bsphcl.co.in

# পাওয়ার গ্রিডে এক্সিকিউটিভ ট্রেনি

*প্রথম পাতার পর*

এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট 'ই সি' (ইলেক্ট্রনিক্স) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

সিভিল শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট 'সি ই' (সিভিল) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে দরখাস্ত করতে পারেন। সেক্ষেত্রে ১৪-৮-২০১৯-এর মধ্যে হাতে রেজাল্ট পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০১৯ পরীক্ষায় প্রাপ্ত নম্বর, ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergridindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত। উল্লেখ্য, গেট-২০১৯ পরীক্ষার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ১ অক্টোবর পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.gate.iitm.ac.in পরীক্ষা হবে ২, ৩, ৯ এবং ১০ ফেব্রুয়ারি। গেট-এর জন্য অনলাইন দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এই রেজিস্ট্রেশন নম্বরের সাহায্যে পাওয়ার গ্রিড কর্পোরেশনের জন্য অনলাইন দরখাস্ত করা যাবে।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

বিজ্ঞপ্তি নম্বর 7/2017 অনুসারে পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার পদে নিয়োগের পার্সোন্যালিটি টেস্ট ২৪ সেপ্টেম্বর। পরীক্ষার ই-কল লেটার ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.pscwbonline.gov.in

# সি এস আই আর নেট পরীক্ষা ১৬ ডিসেম্বর

*প্রথম পাতার পর*

সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। আফটারনুন সেশন দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত। মোট নম্বর ২০০। মর্নিং সেশনে পরীক্ষা হবে লাইফ সায়েন্সেস ও ফিজিক্যাল সায়েন্সেস বিষয়ের এবং আফটারনুন সেশনে পরীক্ষা হবে কেমিক্যাল সায়েন্সেস, ম্যাথমেটিক্যাল সায়েন্সেস ও আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস বিষয়ের। প্রতি বিষয়ের তিনটি পার্টে পরীক্ষা হবে। প্রথম পার্টে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। গুরুত্ব দেওয়া হবে লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালিসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজলস ইত্যাদিতে। পার্ট 'বি'-এ থাকবে বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। পার্ট 'সি'-এ থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন। সবক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। পরীক্ষার সিলেবাস পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.csirhrdg.res.in পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর: 10-2(5)/2018(ii)-E.U.II

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.csirhrdg.res.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৫ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং দৈহিক ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। প্রার্থীকে অতিরিক্ত কোনও ট্রানজ্যাকশন চার্জ দিতে হবে না।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

একটি বহুজাতিক সংস্থায় তাদের বিশ্বের বৃহত্তম ডাইরেক্ট সেলস্ ডিভিশনে খড়গপুর, মেদিনীপুর ও হলদিয়ার জন্য সেলস্ রিপ্রেসেন্টেটিভ হিসেবে ২০-২৮ বৎসরের মধ্যে উচ্চ মাধ্যমিক পাশ কর্মঠ যুবক প্রয়োজন। নির্বাচিত প্রার্থীদের জন্য আকর্ষণীয় বেতন সহ জীবনে উন্নতির সুযোগ। নিজস্ব বাইক থাকলে অগ্রাধিকার পাবে। যোগাযোগ করুন ঃ 9830183676, 8145687110, 8250567951 & 9434300083

VISWA BHARATHI TRUST GNM, BSC, নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর)



কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?

১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% রেজাল্ট।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও কারেন্টের ব্যবস্থা আছে।
৪. সমস্ত ছাত্র-ছাত্রীদের ইংরেজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।

সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)
যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ (35%-45%) মার্কস সহ যে কোনো শাখার ছেলে ও মেয়ে উভয় ভর্তি হতে পারে।

গতবছর পেপারে Ad দেখে আমি দুর্গাপুর থেকে কলকাতায় এসে ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে ব্যাঙ্গালোরে আমার মেয়েকে B.Sc নার্সিং এ ভর্তি করাই। এখানে কলেজের মান অন্যান্য কলেজের থেকে উন্নত। এদের মত দায়িত্ববান মানুষের হাতে আমার মেয়েকে তুলে দিয়ে আমি খুশি।

100% LOAN ও PLACEMENT HELPING, ST, SC, MINORITY SCHOLARSHIP

বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃদ্রঃ- মাত্র ১০০০০ টাকায় ভর্তি হয়ে ৬ ঘন্টার মধ্যে Admission Letter হাতে পাবেন।

ঘোষ এডুকেশন সেন্টার
An ISO 9001:2015 certified
- 700030, H.O. : 7797314385
কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207
7047093097, মালদা : 9735022549

B.Ed. & D.EL.Ed
70,000/- 60,000/-
B.P.Ed, LLB, D.Pharm, B.A, B.Sc, B.Com, M.A, M.Sc, M.Com, M.P, HS (All Course)

শিক্ষকগণ ও সম্মানীয় ব্যাক্তিগন ফ্রাঞ্চাইজির জন্য যোগাযোগ করুন - 7797314385

**MSME - TOOL ROOM, KOLKATA**
(Central Tool Room & Training Centre)
Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India
Bon Hooghly Industrial Area, Kolkata - 700108
E-Mail : cttc@cal.vsnl.net.in, Website: www.msmetoolroomkolkata.com
CTTC ISO 9001 : 2015 OHSAS 18001 : 2007 CERTIFIED

**ADMISSION NOTICE**

ENTREPRENEURSHIP CUM SKILL DEVELOPMENT PROGRAMME

**FREE TRAINING PROGRAMME**

MSME Tool Room-Kolkata is the leading Tool Room & Training Centre of India imparting skill based training for aspiring candidates in the field of Manufacturing/ CNC Technology. Following Training Programmes are designed to upgrade skill of prospective entrepreneurs, existing work force and also develop skills of workers and technicians.

| Sl. No. | COURSE TITLE | ELIGIBILITY |
|---|---|---|
| 1 | Certificate Course in CNC Milling | Preferable 10th passed or its equivalent |
| 2 | Certificate Course in CNC Turning | Preferable 10th passed or its equivalent |
| 3 | Certificate Course in Room Air Conditioner & Home Appliances - RACHA | 12th Pass / Vocational / ITI / Diploma/ B.Sc/ B.E./ B.Tech. |
| 4 | Master Certificate Course in Mechatronics | Preferable Diploma / Degree (Mech. Engineering/equivalent) |
| 5 | Certificate Course in Handheld Products-HHP | 12th Pass / Vocational / ITI / Diploma/ B.Sc/ B.E./ B.Tech. |

Interested candidates are requested to appear for Walk-in-interview on 1st October, 2018 at 10.00 a.m. along with their Resume mentioning the Course applied, attested copies of Qualification, Aadhaar Card (Mandatory), two copies of Passport size Photographs. For further details please contact : 9038578065 / 9330193304

MSME SAMPARK : SKILLS UNBOUND, OPPORTUNITIES UNLIMITED

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMAKSHETRA Vol 39 No. 8 Kolkata Friday 21 SEPTEMBER 2018 /16 Member, INDIAN NEWSPAPER SOCIETY R. N. 37120/80 □ Postal Registration No. KOL RMS/173/2016-2018

# ১১ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭২৭৫ ক্লার্ক

*চোদ্দোর পাতার পর*

শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য, ১৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য এবং ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ২৬টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণসংক্রান্ত, বৌদ্ধিক প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**উত্তরাখণ্ড: এলাহাবাদ ব্যাঙ্ক:** শূন্যপদ ১৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ৯টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৩টি (সাধারণ)। **কানাড়া ব্যাঙ্ক:** শূন্যপদ ১০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **কর্পোরেশন ব্যাঙ্ক:** শূন্যপদ ১টি (সাধারণ)। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** শূন্যপদ ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক:** শূন্যপদ ১টি (তফসিলি জাতি)। **ইউকো ব্যাঙ্ক:** শূন্যপদ ২৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৭)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ২১টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীর জন্য এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিজয়া ব্যাঙ্ক:** শূন্যপদ ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**পরীক্ষার ধরনধারণ:** অনলাইন পরীক্ষা হবে দু' পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫), রিজনিং এবিলিটি (৩৫)। সময়সীমা ১ ঘণ্টা। প্রতিটি বিষয়ের জন্য ২০ মিনিট করে সময় ধার্য। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০), জেনারেল ইংলিশ (৪০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০), ফিনান্সিয়াল বা জেনারেল অ্যাওয়ারনেস (৫০)। মোট সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৬) পরীক্ষাকেন্দ্রগুলি হল: প্রিলিমিনারি পরীক্ষার ক্ষেত্রে বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি। মেন পরীক্ষার ক্ষেত্রে বৃহত্তর কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, কল্যাণী।

**দরখাস্তের নিয়মকানুন:** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ অক্টোবর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলের ২০-৫০ কেবি সাইজের), কালো কালির সই (১৪০×৬০ পিক্সেলের ১০-২০ কেবি সাইজের), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলের ২০-৫০ কেবি সাইজের) ও হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেলের ৫০-১০০ কেবি সাইজের) আপলোড করতে হবে।

**ফি:** ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ব্যাঙ্ক ট্রানজ্যাকশন চার্জ অতিরিক্ত। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইনে দরখাস্তের বয়ান পূরণ করে তা অনলাইনেই 'সাবমিট' করবেন। দরখাস্ত গৃহীত হলে একটি রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাবেন। এগুলি লিখে রাখবেন। ভবিষ্যতে প্রয়োজন হবে।

দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের একটি প্রিন্ট আউট নেবেন। এই প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

দরখাস্তের ফি জমা দেওয়ার ই-রিসিপ্টের মূল কপি, পরীক্ষার কললেটার, নিজের একটি সচিত্র পরিচয়পত্র সঙ্গে নিয়ে লিখিত পরীক্ষা দিতে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 21/2018 অনুসারে পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত মোটর** ভেহিক্যালস ইনস্পেক্টর (নন-টেকনিক্যাল) পদে নিয়োগের লিখিত পরীক্ষা ৩০ সেপ্টেম্বর, দুপুর ১২টা থেকে দুপুর দেড়টা। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in

# রেলের লেভেল ওয়ান পদগুলির পরীক্ষা ৪৯ দিন ধরে

**নিজস্ব প্রতিনিধি:** রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডগুলি একযোগে বিশ্বের বৃহত্তম নিয়োগের প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু করল ১৭ সেপ্টেম্বর। রেলের লেভেল ওয়ান (পূর্বতন গ্রুপ 'ডি') পদগুলির জন্য কম্পিউটার ভিত্তিক পরীক্ষা শুরু হয়েছে এদিন। পরীক্ষা চলবে ৪৯ দিন ধরে, ১৪ ডিসেম্বর পর্যন্ত।

রেলের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর ০২/২০১৮ অনুসারে লেভেল ওয়ানে গেটম্যান, পয়েন্টসম্যান, ট্রাক মেন্টেনার (গ্রেড ফোর), পোর্টার, হেল্পারের মোট শূন্যপদ ৬২,৯০৭টি। দেশজুড়ে ১ কোটি ৯০ লক্ষ প্রার্থী লেভেল ওয়ান পদগুলির জন্য দরখাস্ত করেছেন।

**প্রার্থীর সংখ্যা ১ কোটি ৯০ লক্ষ**

কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (কলকাতা আর আর বি) পক্ষ থেকে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গ থেকে ১৪ লক্ষ ৪৪ হাজার ৬৬৩ জন প্রার্থী লেভেল ওয়ান পদগুলির জন্য দরখাস্ত করেছেন। এর মধ্যে ১৩ লক্ষের বেশি প্রার্থী কলকাতা আর আর বি-র অন্তর্গত শূন্যপদগুলিতে আবেদন করেছেন।

প্রার্থী-সংখ্যা এবং পরীক্ষা গ্রহণের দীর্ঘ সময়সীমার নিরিখে নজিরবিহীন এই পরীক্ষার সামগ্রিক প্রক্রিয়াটি নিয়ন্ত্রিত হচ্ছে খোদ প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে।

পরীক্ষাকেন্দ্র, প্রার্থীদের জন্য রেল রিক্রুটমেন্ট বোর্ডের নির্দেশাবলি প্রভৃতি দেখা যাবে আর আর বি-গুলির ওয়েবসাইটে।

পশ্চিমবঙ্গের আর আর বি-গুলির ওয়েবসাইট: কলকাতা: www.rrbkolkata.gov.in, মালদা: www.rrbmalda.gov.in, শিলিগুড়ি: www.siligurirrb.org

IBPS Clerk 2018 - 7275 Posts Exam: December 2018
Attend a FREE SESSION on
GENERAL AWARENESS
22nd Sept. (Sat) @ 4pm
Venue: T.I.M.E. Jadavpur Centre
*Conditions apply
Register online @ www.time4education.com
T.I.M.E.
Triumphant Institute of Management Education Pvt. Ltd.
• Park Street • Saltlake • Jadavpur • New Alipore • Sealdah • Howrah
Tel: 40510046 kolkata@time4education.com
Attend the seminar & get upto ₹2500/- Discount

সরকারি চাকরীর প্রস্তুতির এক বিশ্বস্থ প্রতিষ্ঠান
CAREER POWER™
AN IIT/IIM ALUMNI COMPANY
Premier institute for Govt. Jobs
bankersadda.com
Adda 247
HUGE VACANCIES
7,275+ Total Vacancies
IBPS-CLERK
Fresh Batch from 1st , 8th, Oct. 2018
Facilities
Bank Books (5 Numbers), Updated test series 850+, best class room Programme & Monthly Magazine(3months)
Free Demo class on (Sunday, Monday & Tuesday)
SSC (CGL+ CHSL + MTS)
Fresh Batch for SSC 3rd Oct. 2018
Launching Fresh Batch
SSC-JE
23rd Sep. 2018 & 3rd Oct.2018
SSC Technical Notification out
1136+ Total Vacancies
Fresh batch from 23rd Sep. 2018
RAIL-JE
30th Sep. 2018
West Bengal Food Corporation SI
957+ Total Vacancies
Fresh batch from 24th Sep.2018
RAIL-ALP
10th Oct. 2018
Constable G.D (৮ বাহিনী)
54,953+ Total Vacancies
Batch Start from 3rd Oct. 2018
SERAMPORE
91-23-38-34-43
83-35-87-77-77
DURGAPUR
83-35-87-77-77
62-90-30-95-46
SILIGURI
62-95-78-70-77
83-35-87-77-77

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in